উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

উপজেলাঃ কুতুবদিয়া, কক্সবাজার ।

পরিকল্পনা প্রণয়নে

উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কুতুবদিয়া

সমন্বয়ে

বাংলা-জার্মান সম্প্রীতি (বিজিএস)

আগষ্ট ২০১৪

সার্বিক সহায়তায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people
European Union
NORWEGIAN EMBASSY
SWEDEN
Australian Aid
UNDP Empowered lives. Resilient nations.

কুতুবদিয়া উপজেলার “সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা

কুতুবদিয়া উপজেলার “সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা” চুড়ান্তকরণের লক্ষ্যে কুতুবদিয়া উপজেলা সভা কক্ষে অনুষ্ঠিত Validation Workshop এর কিছু খন্ড চিত্র

মুখবন্ধ

পৃথিবীর দুর্যোগ মানচিত্রে বাংলাদেশ একটি অন্যতম দূর্যোগ প্রবণ দেশ হিসাবে পরিচিত। ভৌগোলিক অবস্থান এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাবে প্রতিবছর কোন না কোন প্রাকৃতিক দূর্যোগ এদেশে আঘাত হানে। উল্লেখ্য যে ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, সামুদ্রিক জোয়ার, দীর্ঘস্থায়ী ও আকসিক বন্যা, খরা, নদী-ভাঙ্গন, উপকুল ভাঙ্গন, ভূমিধ্বস, ভূমিকম্পের মত প্রাকৃমিক দুর্যোগ সংশ্লিষ্ট এলাকার অধিবাসীদের সহায় সম্পতিসহ জান-মাল, পশু সম্পদ, ফসলের ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধনই শুধু করে না, অধিকন্ত দেশের সার্বিক উন্নয়ন ধারাকে মারাত্নকভাবে ব্যাহত করে।

আমাদের দেশ দুর্যোগ প্রবণ দেশ হওয়ার সত্ত্বেও দুর্যোগের ক্ষয়-ক্ষতি হ্রাস কল্পে তেমন কোন দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন হয়নি। আমি বিশ্বাস করি যে, সুষ্ঠু পরিকল্পনা প্রণয়ন এবং সাধারণ জনগণকে ব্যাপক সচেতনা করা গেলে দুর্যোগের ব্যাপক ক্ষয়-ক্ষতি অনেকাংশে হ্রাস করা সম্ভব। এই লক্ষ্যে সরকার সম্প্রতি বছরগুলো ব্যাপক কার্যক্রম গ্রহণের মাধ্যমে নানামূখী কর্মসূচী বাস্তবায়ন করছে। তারই ধারাবাহিকতায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় "সমন্বিত দুর্যোগ পরিকল্পনা প্রণয়ন" কর্মসূচী'র অধীনে জাতীয় পর্যায়ের বিভিন্ন বে-সরকারী সংস্থার কারিগরী সহায়তায় জেলা ও উপজেলার "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপন পরিকল্পনা" প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করে। এই পরিকল্পনার আওতায় সংশ্লিষ্ট জেলা ও উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সার্বিক সহায়তায় বিভিন্ন সরকারী ও বে-সরকারী প্রতিষ্ঠান ও সাধারণ জনগণের সহায়তায় বেসরকারী সংস্থা "বাংলা-জার্মান সম্প্রীতি (বিজিএস)" কুতুবদিয়া উপজেলার একটি "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা" প্রণয়ন করে।

এই "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায়" কুতুবদিয়া উপজেলার ঐতিহাসিক প্রেক্ষাপট, ভৌগোলিক অবস্থান থেকে আরাম্ভ করে সমগ্র উপজেলার সামাজিক সম্পদ, স্বাস্থ্য, শিক্ষা, পেশা, কৃষি, প্রাকৃতিক দুর্যোগের ইতিহাস ও করণীয় পদক্ষেপ, দুর্যোগের প্রস্তুতি, দুর্যোগ কমিটি'র বিস্তারিত তথ্য, দুর্যোগের স্থানীয় ঝুঁকি, আপদ, দুর্যোগের সময় আশ্রয়স্থান ইত্যাদি বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য সনিবেশিত করা হয়েছে। এটি উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা ও দুর্যোগে ক্ষয়-ক্ষতি নিরূপণ, ক্ষয়-ক্ষতি হ্রাস কল্পে করণীয় পদক্ষেপ গ্রহণ করতে সহায়ক হবে এবং দুর্যোগে স্থানীয় ঝুকি হ্রাসে সুদুর প্রসারী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

আমি কুতুবদিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও উপজেলা চেয়ারম্যান হিসাবে উপজেলাবাসী পক্ষ থেকে এই পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

২৭/০৮/২০১৪
সৌভ্রাত দাশ
সদস্য সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও
প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (PIO)
কুতুবদিয়া।

২৭/০৮/১৪
এটিএম নুরুল বশর চৌধুরী
সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
ও উপজেলা চেয়ারম্যান
কুতুবদিয়া।

কৃতজ্ঞতা স্বীকার

বাংলাদেশের দুর্যোগ মানচিত্রে কুতুবদিয়া একটি অন্যতম আপদ সংকুল ও ঝুকিঁপূর্ণ একটি উপজেলা। মূল ভূখন্ড থেকে বিচ্ছিন্ন দ্বীপাঞ্চল হওয়ার কারণে যোগাযোগের কোন ভাল ব্যবস্থা নেই। যোগাযোগ বিচ্ছিন্ন একটি দ্বীপ উপজেলা হিসাবে যেকোন প্রাকৃমিক দুর্যোগে এতদ্বআঞ্চলের অধিবাসীগণ মারাত্নক ঝুকিঁর মধ্যে থাকে। বিশেষভাবে ঘুর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছাস, টর্নাডোর মত প্রাকৃতিক দুর্যোগে এই উপজেলার সাধারণ মানুষের জান-মাল, ঘর-বাড়ী, খাদ্য-শস্য, ফসলী জমি, লবন চাষ, চিংড়ী ঘের, পশু সম্পদের মত বিভিন্ন সামাজিক সম্পদ ব্যাপক ক্ষয়-ক্ষতির স্বীকার হয়ে থাকে।

প্রাকৃতিক দুর্যোগে এলাকার অধিবাসীদের ঝুকিঁ হ্রাস ও ক্ষয়-ক্ষতির পরিমান কমিয়ে আনার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও ইউএনডিপিসহ কতিপয় দাতা সংস্থার সহায়তায় "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা কর্মসূচী-২" অধীনে জাতীয় বে-সরকারী সংস্থা "বাংলা-জার্মান সম্প্রীতি (বিজিএস) এর কারিগরী সহায়তায় অত্র উপজেলার "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপন পরিকল্পনা" প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করে। এই পরিকল্পনার আওতায় কুতুবদিয়া উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সার্বিক সহায়তায় বিভিন্ন সরকারী ও বে-সরকারী প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ে বিভিন্ন সূত্র থেকে তথ্য উপাত্ত সংগ্রহ করে কুতুবদিয়া উপজেলার জন্য একটি "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা" প্রণয়ন করেছে।

আমি মনে করি এই "সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায়" কুতুবদিয়া উপজেলার দুর্যোগ মুর্হুতে ক্ষয়-ক্ষতি নিরূপণ, ক্ষয়-ক্ষতি হ্রাস কল্পে করণীয় পদক্ষেপ গ্রহণ এবং এই সংক্রান্ত দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করতে সহায়ক হবে এবং দুর্যোগে স্থানীয় সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করে ঝুকিঁ হ্রাসে অগ্রণী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

আমি কুতুবদিয়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহ-সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসাবে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এই পরিকল্পনা প্রণয়নে সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

২৭.০৬.২০১৪

মোঃ মুমিনুর রশিদ
সহ-সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
ও উপজেল নির্বাহী কর্মকর্তা
কুতুবদিয়া।

সূচীপত্র

ক্র/নং	বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি		
১.১	পটভূমি	৭
১.২	পরিকল্পনার মূল উদ্দেশ্য	৭
১.৩	স্থানীয় এলাকা পরিচিতি	৭
১.৩.১	জেলা/উপজেলার ভৌগলিক অবস্থান	৮
১.৩.২	আয়তন	৮
১.৩.৩	জনসংখ্যা	১০
১.৪.	অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত বর্ননা	১০
১.৪.১	অবকাঠামো	১০-১৬
১.৪.২	সামাজিক সম্পদ	১৭
১.৪.৩	আবহাওয়া ও জলবায়ু	২৮
১.৪.৪	অন্যান্য	২৯-৩১
দ্বিতীয় অধ্যায়ঃ দুর্যোগ, আপদ ও বিপদাপন্নতা		
২.১	দুর্যোগের সার্বিক ইতিহাস	৩২
২.২	জেলা/উপজেলার আপদ সমুহ	৩৩
২.৩	বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্রবর্ননা	৩৩
২.৪	বিপদাপন্নতা ও সক্ষমতা	৩৪
২.৫	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	৩৫
২.৬	উন্নয়ন পরিকল্পনার প্রধান খাত সমুহ	৩৬
২.৭	সামাজিক মানচিত্র	৪০
২.৮	আপদ ও ঝুঁকি মানচিত্র	৪১
২.৯	আপদের মৌসুমী দিনপঞ্জি	৪১
২.১০.	জীবিকার মৌসুমী দিনপঞ্জি	৪২
২.১১	জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা	৪৩
২.১২	খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা	৪৩-৩৯
২.১৩	জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব	৪৬-৪৮
তৃতীয় অধ্যায়: দুর্যোগঝুঁকি হ্রাস		
৩.১	ঝুঁকির কারণসমূহ চিহ্নিতকরণ	৪৯
৩.২	ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণ	৫০
৩.৩	এনজিওদের উন্নয়ন পরিকল্পনা	৫১
৩.৪	দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা	৫২

৩.৪.১	দুর্যোগ পূর্ব প্রস্তুতি	৫২
৩.৪.২	দুর্যোগ কালীন	৫৩
৩.৪.৩	দুর্যোগ পরবর্তী	৫৪
৩.৪.৪	স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময়ে	৫৪-৫৭
চতুর্থ অধ্যায়: জরুরী সাড়া প্রদান		
৪.১	জরুরী অপারেশনসেন্টার(EOC)	৫৮
৪.১.১	জরুরী কন্ট্রোল রুমপরিচালনা	৫৮
৪.২	আপদ কালীন পরিকল্পনা	৫৮-৬১
৪.২.১	স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা	
৪.২.২	সতর্কবার্তা প্রচার	
২.৪.৩	জনগণকে অপসারণের ব্যবস্থাদি	
৪.২.৪	উদ্ধার ও প্রাথমিক চিকিৎসাপ্রদান	
৪.২.৫	আশ্রয় কেদ্র রক্ষাণাবেক্ষণ	
৪.২.৬	নৌকা প্রস্তুত রাখা	
৪.২.৭	দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণ	
৪.২.৮	ত্রান কার্যক্রম সমন্বয় করা	
৪.২.৯	শুকনা খাবার, জীবন রাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তুত রাখা	
৪.২.১০	গবাদী পশুর চিকিৎসা/টিকা	
৪.২.১১	মহড়ার আয়োজন করা	
৪.২.১২	জরুরী কন্ট্রোল রুম (EOC)পরিচালনা	
৪.২.১৩	আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্থান সমুহ	
৪.৩	উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা	৬১-৬৭
৪.৪	আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন	৬৭
৪.৫	জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগকালে ব্যবহৃত হতে পারে)	৬৮
৪.৬	অর্থায়ন	৬৯
৪.৭	কর্ম পরিকল্পনা হালনাগাদ করণ ও পরীক্ষা করণ	৬৯
পঞ্চমঅধ্যায় ঃ উদ্ধার ও পুনবার্সন পরিকল্পনা		
৫.১	ক্ষয়ক্ষতিমূল্যায়ন	৭০
৫.২	দ্রুতপুনরুদ্ধারসংক্রান্তকমিটি গঠনঃ	৭৩
	প্রশাসনিকপুনঃপ্রতিষ্ঠা / ধ্বংসাবশেষপরিষ্কার /জনসেবাপুনরারম্ভ/ জরুরীজীবিকাসহায়তা	
সংযুক্তি ১	আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেক লিষ্ট	৭৪
সংযুক্তি ২	উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি	৭৫
সংযুক্তি ৩	উপজেলার সেচ্ছাসেবকদের তালিকা	৭৬-৮১
সংযুক্তি ৪	আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা	৮২-৮৮
সংযুক্তি ৫	এক নজরে জেলা/উপজেলা	৮৯
সংযুক্তি ৬	বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠান সূচী	৯০

প্রথম অধ্যায়ঃ স্থানীয় এলাকা পরিচিতি

১.১ পটভূমিঃ

পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ একটি অন্যতম দূর্যোগ প্রবন দেশ। ভৌগলিক অবস্থান এবং বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দূর্যোগ এদেশের জন্য একটি পরিচিত দৃশ্যপট।দেশের অর্থনৈতিক উন্নয়নে দূর্যোগ বড় অন্তরায়। বাংলাদেশের প্রাকৃতিক দূর্যোগ সমুহের মধ্যে ঘুর্ণিঝড় ও জলোচ্ছাস, বন্যা, খরা, নদী-ভাঙ্গন, উপকুল ভাঙ্গন, ভুমিধ্বস, ভুমিকম্প ইত্যাদি অন্যতম। প্রাকৃতিক দূর্যোগ সম্পূর্নরুপে রোধ করা মানুষের পক্ষে সম্ভব নয়। দূর্যোগের দীর্ঘদিনের ইতিহাস ও অভিজ্ঞতা বিবেচনা করলে দেখা যায় যে, দূর্যোগ, দূর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতা বাড়ালে দূর্যোগের ক্ষয়ক্ষতি সার্বিকভাবে অনেক কমে যেতে পারে। এ বিষয়কে বিবেচনায় রেখে প্রস্তুতি, ঝুকিহ্রাস,জরুরি সাড়াসহ বিভিন্ন প্রেক্ষাপটে করণীয় নির্ধারনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় প্রনীত আইন ও স্থায়ী আদেশাবলীর আলোকে দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর Comprehensive Disaster Management Plan প্রনয়নের উদ্যোগ গ্রহণ করে যা দূর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি মাইলফলক হিসাবে কাজ করবে।

বাংলাদেশের প্রতিটি জেলাই নানারকম দূর্যোগের দ্বারা আক্রান্ত হয়। তবে তুলনামূলকভাবে উপকুলীয় জেলা সমুহ বেশী দূর্যোগের দ্বারা আক্রান্ত ও ক্ষতিগ্রস্ত হয়। দেশের এই ১৯টি উপকুলবর্তী জেলার মধ্যে ককসবাজার জেলা একটি। বাংলাদেশের দক্ষিনপূর্বের সীমান্তবর্তী এই জেলাটি বঙ্গোপসাগরের তীরে অবস্থিত। ককসবাজার জেলা মোট ৮ টি উপজেলার নিয়ে গঠিত। জেলার ৮টি উপজেলার মধ্যে ১টি হলো কুতুবদিয়া উপজেলা যা সাগর বেষ্ঠিত ছোট্ট একটি ভূখন্ড। ভৌগলিক অবস্থান বিবেচনায় দ্বীপ উপজেলা কুতুবদিয়া অত্যন্ত দূর্যোগ ঝুকিপূর্ণ এলাকা। বঙ্গোপসাগরের বুকে অবস্থিত এই ক্ষুদ্র দ্বীপে ঘূর্ণিঝড়,জলোচ্ছাসসহ নানারকম প্রাকৃতিক দূর্যোগ এতদঅঞ্চলের মানুষের জানমালের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। এমতাবস্থায় দূর্যোগের সুসংগঠিত ব্যবস্থাপনা ও ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে এই সমন্বিত কর্ম পরিকল্পনা অত্যন্ত প্রয়োজন।

১.২ পরিকল্পনার মূল উদ্দেশ্যঃ

সাম্প্রতিককালে সারা বিশ্বময় ঘূর্ণিঝড়সহ অন্যান্য আপদ/দুর্যোগ যেমন তীব্র গরম, কালবৈশাখী, জলোচ্ছাস, জোয়ারের পানির প্লাবন, অসময়ে বৃষ্টি, কুয়াশা, লবণাক্ততা ও আবহাওয়ার পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। কুতুবদিয়া উপজেলাটি বঙ্গোপসাগরের জলসীমা পরিবেষ্টিত একটি দ্বীপ,মূল ভূখন্ড থেকে এটি বিচ্ছিন্ন হওয়ায় প্রতিবছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগ এখানে হানা দেয়। ফলে উপজেলার অধিবাসীরা সামগ্রীকভাবে সর্বাধিক ক্ষতিগ্রস্ত এবং দুর্যোগের ঝুঁকিতে থাকেন। এই বিদ্যমান আপদ/দুর্যোগের সম্ভাব্য ঝুঁকি চিহ্নিত করে তা নিরসনের কার্যকরী পরিকল্পনা গ্রহণ এবং দুযোর্গকালীন সময়ে প্রয়োজনীয় পদক্ষেপে গ্রহণ করার লক্ষ্যে একটি **"উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা"** প্রনয়ণের উদ্দ্যোগ গ্রহণ করা হয়। এই পরিকল্পনার সুনির্দিষ্ট লক্ষ্য নিম্নে সন্নিবেশিত করা হলো ঃ

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগের ঝুঁকি সর্ম্পকে গনসচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার, সমাজ, স্থনীয় প্রশাসন ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে সহায়তা করবে।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস করণ ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্বতির উন্নয়ন সাধন।
- অপসারন, উদ্ধার, চাহিদা নিরুপন, ত্রাণ ও তাৎক্ষনিক পুর্নবাসন ব্যবস্থার জন্য স্থানীয়ভাবে প্রনীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- উপজেলার জন্য দুর্যোগ সংক্রান্ত একটি নির্দিষ্ঠ কৌশল গত দলিল হিসাবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট বিভাগে (সরকারী, আর্ন্তজাতিক ও জাতীয় এনজিও সংস্থা, দাতা) প্রতিটি পর্যায়ে এটি সার্বিক পরিকল্পনা হিসাবে গণ্য হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়নে ও বাস্তবায়নে র্নিদেশনা প্রদান করবে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিকভাবে অংশগ্রহণ, কার্যকর অংশীদারিত্ব ও মালিকানাবোধ জাগ্রত করবে।

১.৩ কুতুবদিয়ার উপজেলার এলাকা পরিচিতি ঃ

দীর্ঘদিন ধরে নদীবাহিত পলিমাটি জমে, বাংলাদেশের মূলভূখন্ডের সন্নিকটে বঙ্গোপসগর-এর বুকে এই দ্বীপ জেগে উঠেছে। খ্রিষ্টীয় চর্তুদশ শতাব্দীর শেষের দিকে এই দ্বীপটি পুরোপুরি জেগে উঠেছে বলে ইতিহাস হতে জানা যায়। তবে পঞ্চদশ শতাব্দীর শেষের দিকে, এই দ্বীপটি মানুষের বসবাস উপযোগী হয়ে উঠে। এরপর থেকে ক্রমেক্রমে এই দ্বীপে মানুষের পদচারণা শুরু হয়। কথিত আছে, হযরত কুতুবুদ্দীন নামক জনৈক মুসলিম আধ্যাত্বিক সাধক পুরুষ এই দ্বীপে আস্তানা গড়ে তোলেছিলেন। এই সময় এই দ্বীপে মগ ও পর্তুগীজদের চারণভূমি ছিল। কুতুবুদ্দীন তার শিষ্য আলী আকবর, আলী ফকির সহ অন্যান্য শিষ্যদের নিয়ে এই দ্বীপে আধিপত্য বিস্তারে সক্ষম হন। এই সময় আরাকান থেকে পালিয়ে আসা মুসলমানদের একাংশ ভাগ্যান্বষণে এই দ্বীপে আসতে থাকে। জরিপ করে দেখা যায় আনোয়ারা, বাশঁখালী,

সাতকানিয়া, পটিয়া, চকরিয়া অঞ্চল থেকে অধিকাংশ আরাকানি মুসলমানদের সাথে বাঙালী মুসলমানরা এই দ্বীপে এসে বসতি স্থাপন করে। কালক্রমে কুতুবদ্দীন আউলিয়ার নামানুসারে লোকমুখে এই দ্বীপের নাম হয়ে যায় কুতুবদ্দীনের দিয়া অর্থাৎ "কুতুবদিয়া"।

১.৩.১. কুতুবদিয়া উপজেলার ভৌগেলিক অবস্থান ঃ

কুতুবদিয়া উপজেলা বাংলাদেশের সর্ব পূর্ব-দক্ষিণে অবস্থিত কক্সবাজার জেলার বঙ্গোসাগরের তীরবর্তী ও সাগর বেষ্টিত জেলার উত্তর-পশ্চিমাংশে অবস্থিত। কুতুবদিয়া উপজেলার পূর্বে চট্রগ্রাম জেলার বাঁশখালী, কক্সবাজার জেলার চকরিয়া ও মহেশখালী উপজেলা। উপজেলার উত্তর, দক্ষিণ ও পশ্চিমে বঙ্গোপসাগর।

কুতুবদিয়া উপজেলা মোট ৬টি ইউনিয়ন নিয়ে গঠিত। উপজেলার সর্ব উত্তরে উত্তর ধূরং ইউনিয়ন এবং এর দক্ষিণ পার্শ্বে দক্ষিণ ধূরং ইউনিয়ন। দক্ষিণ ধূরং ইউনিয়নের পূর্ব পাশে লেমশীখালী ইউনিয়ন এর অবস্থান। দক্ষিণ ধূরং এবং লেমশীখালী ইউনিয়নের দক্ষিণে কৈয়ারবিল ইউনিয়নের অবস্থান যা উপজেলার মধ্যবর্তী স্থান। কৈয়ারবিল ইউনিয়নের দক্ষিণপাশে বড়ঘোাপ ইউনিয়ন এবং উপজেলার সর্ব দক্ষিণে রয়েছে আলী আকবরডেইল ইউনিয়ন। কুতুবদিয়া উপজেলার তেমন কোন বড় নদী নাই, তবে কিছু খাল রয়েছে যা দ্বীপটি মাঝখানে শিরা-উপশিখার মত প্রবাহিত হয়েছে। ছোট বড় মিলে মোট ৪টি খাল রয়েছে যার দীর্ঘ প্রায় ৪০ কিলোমিটার। এগুলো বিশেষভাবে বর্ষাকালে পানির প্রবাহ দেখা গেলেও অন্যান্য মৌসুমে তেমন চলমান থাকেনা না।

উপজেলার মাটির প্রকৃতি হলো মাঠের জমি বেলে দোআঁশ, সমুদ্র পাড় (বেড়ী বাঁধ) এটেল-বালি মাটি, সাগর পাড়ের মাটি বেলে উপজেলার তেমন বিস্তৃর্ণ বনাঞ্চল বা নিবীড় কোন বনাঞ্চল নেই। অধিকাংশ বনাঞ্চলের মধ্যে রয়েছে ঝাউবন ও প্যারাবন। উপজেলার মোট ৯ কিলোমিটার ঝাউবন এবং ১৩ কিলোমিটার প্যারাবন রয়েছে যেগুলো বেশীর ভাগ বেড়ী বাঁধকে ঘিরে এই বনগুলো গড়ে উঠেছে। কুতুবদিয়া উপজেলা প্রাকৃতিক সম্পদের মধ্যে রয়েছে চুনাপাথর, চর, সাগর, খাল, জমি, গাছ-পালা, প্যারাবন, মৎস্য সম্পদ, পশু ও পাখি ইত্যাদি।

কক্সবাজার জেলা সদর থেকে ৯৫ কিলোমিটার দুরে কুতুবদিয়া উপজেলার দ্বীপের অবস্থান। কক্সবাজার সদর উপজেলার ৬নং ঘাট থেকে ইঞ্জিন বোটে কুতুবদিয়া সার্ভিসে করে ৬ ঘন্টায় আলী আকবর ডেইল ঘাট এবং বড়ঘোপ ঘাট হয়ে রিক্সা, টেক্সী বা জীপে করে উপজেলায় সদরে পৌছা যায়। তা ছাড়া ককসবাজার বাস স্টেশন থেকে চকরিয়া উপজেলার মগনামা হয়ে ইঞ্জিল চালিত বোট বা স্পীডবোটে হয়ে কুতুবদিয়ায় যাতায়াত করা যায়।

১.৩.২ কুতুবদিয়ার উপজেলার আয়তন ঃ

কুতুবদিয়া একটি দ্বীপ উপজেলা। এটি উত্তর-দক্ষিণ লম্বালম্বি একটি দ্বীপ। এই দ্বীপ উপজেলার মোট আয়তন ২১৫বর্গ কিলোমিটার (তথ্যসূত্র বিবিএস) বা ১৯,৯৩২ একর। কুতুবদিয়া উপজেলা মোট ৬টি ইউনিয়ন নিয়ে গঠিত। উপজেলার সর্ব উত্তরে উত্তর ধূরং ইউনিয়ন এবং দক্ষিণ পার্শ্বে দক্ষিণ ধূরং ইউনিয়ন। দক্ষিণ ধূরং ইউনিয়নের পূর্ব পাশে উত্তর ধুরং ইউনিয়নের দক্ষিণে লেমশীখালী ইউনিয়ন এর অবস্থান। দক্ষিণ ধূরং এবং লেমশীখালী ইউনিয়নের দক্ষিণে কৈয়ারবিল ইউনিয়নের অবস্থান যা উপজেলার মধ্যবর্তী স্থান। কৈয়ারবিল ইউনিয়নের দক্ষিণপাশে বড়ঘোপ ইউনিয়ন এবং উপজেলার সর্ব দক্ষিণে রয়েছে আলী আকবরডেইল ইউনিয়ন।

উক্ত উপজেলা ৬টি ইউনিয়নের অধীনে মোট ৮ মৌজা দ্বারা বিভক্ত। প্রতিটি ইউনিয়নে ৯ ওর্য়াড মিলে মোট ৫৪টি ওয়ার্ডের অধীনে ছোট বড় ২৩৯টি গ্রাম নিয়ে কুতুবদিয়া উপজেলা। নিম্নে ইউনিয়ন, ওর্য়াড, মৌজা ও গ্রামের নামসহ বিস্তারিত তথ্য প্রদান করা হলোঃ

ইউনিয়নের নাম	ওয়ার্ড	গ্রামের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
উত্তর ধূরং	১	চাইন্দারপাড়া, ওয়াজ্যারপাড়া, ফরিজ্যার পাড়া, পশ্চিম চর ধূরুং, কাইছার পাড়া, আইক্যার পাড়া, নয়া কাটা	উত্তর ধূরং মৌজা ও চর ধূরং মৌজা
	২	মনু সিকদার পাড়া, আজিম উদ্দিন সিকদার পাড়া, চাটি পাড়া, জমির বাপের পাড়া, চুল্যার পাড়া	
	৩	মনছুর আলী হাজ্বীর পাড়া, পূর্ব চর ধূরুং, আকবরবলী পাড়া	
	৪	জইজ্যার পাড়া, নাপিত পাড়া, ছাদের ঘোনা মনছুর আলী হাজ্বীর পাড়া, পূর্ব চর ধূরং আকবরবলী পাড়া	
	৫	নজুর বাপের পাড়া, ছব্বির পাড়া, নয়া পাড়, সতরুদ্দিন,ফয়জনির পাড়া, জুম্মা পাড়া	
	৬	বাইংগা কাটা, উত্তর বাঘখালী, মেইজ্যার পাড়া, নুরুজ্জালী পাড়া	
	৭	কালারমার পাড়া, পিল্যার পাড়া, মিয়াকাটা, সিরাজ্যার পাড়া, উত্তর মগলাল পাড়া, মসজিদ পাড়া	

ইউনিয়নের নাম	ওয়ার্ড	গ্রামের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
	৮	হায়দরপাড়া, ফোড়ারপাড়া, মসজিদ পাড়া, মদন মিয়াজ্বীর পাড়া,আমিরাপাড়া, মিজ্বির পাড়া	
	৯	তেলিয়া কাটা, কুইল্যার পাড়া, দক্ষিন মগলাল পাড়া, বকসালী সিকদার পাড়া, প্রদীপ পাড়া, মৌলভী পাড়া, নয়া পাড়া	
দক্ষিণ ধূরং	১	অলি পাড়া, মদন্যার পাড়া, কালা চান পাড়া, নাত পাড়া, নয়া পাড়া, কিল্ল্যা পাড়া	দক্ষিণ ধূরং
	২	বাতিঘর পাড়া, পশ্চিম আলী ফকির ডেইল পাড়া, পাতলার পাড়া	
	৩	পূর্ব অলি ফকির ডেইল পাড়া, মাষ্টার পাড়া, আশা হাজী পাড়া, হাদিরা বর পাড়া	
	৪	জল্যার পাড়া, করিম সিকদার পাড়া, বাঘ্যার পাড়া, কালো মিয়াজির পাড়া, প্যাচার পাড়া, মশরাফ আলী বলির পাড়া, তবলির পাড়া	
	৫	শাহ্ আলম সিকদারপাড়া, বৈদ্দারপাড়া, বরই তলির পাড়া, হায়দার আলী মিয়াজিরপাড়া	
	৬	সিকদার পাড়া, মানিক্যার পাড়া, নয়া পাড়া,কিল্লা পাড়া, তবলির পাড়া, মিজজীর পাড়া	
	৭	ধুরং কাচা, কৈরার পাড়া, মশল্যার পাড়া, বারইয়া পাড়া	
	৮	জেলে পাড়া, মুছা পাড়া, সিকদার পাড়া, নয়া পাড়া, ধুরং বাজার	
	৯	নুরার পাড়া, আলী আকবর সিকদার পাড়া, শুকলাল পাড়া, মানিক চাঁদ পাড়া,	
লেমশীখালী	১	কাজীর পাড়া, এহক পাড়া, গাইট্যাখালী, আনুমিয়াজীরপাড়া, কবিরা পাড়া, আকবর আলী সিকদারপাড়া	লেমশী খালী মৌজা
	২	লুৎফারপাড়া, করলাপাড়া, মুন্সি মিয়াজিরপাড়া, ধুপীপাড়া, আশা হাজীরপাড়া, নয়াপাড়া	
	৩	পেয়ারা কাটার পাড়া, মশরফ আলী সিকদারপাড়া, জাইল্যাপাড়া,	
	৪	হাজীরপাড়া, আফাজউদ্দীন সিকদারপাড়া, আবদুররশিদ হাজারিয়াপাড়া	
	৫	আনু বাপের পাড়া, তহলি পাড়া, মাঝের পাড়া, গোলজানী বাপের পাড়া, নয়া ঘোনা,	
	৬	ছিন্নী খাইয়াপাড়া, গাইনা কাটা, ফজরআলী সিকদারপাড়া, ছামিরাপাড়া	
	৭	হাবিব হাজীরপাড়া, বশির উল্লাহ সিকদারপাড়া, মতির বাপের পাড়া,	
	৮	শাহাজীরপাড়া, ঠান্ডা চৌকিদারপাড়া,	
	৯	ছিদ্দিক হাজীর পাড়া	
কৈয়ারবিল	১	বিন্দাপাড়া, তইজ্যারপাড়া, সেন্টারপাড়া	কৈয়ারবিল মৌজা ও দক্ষিণ ধূরং মৌজার আংশিক লেমশীখালী মৌজার আংশিক
	২	মতিরবাপেরপাড়া, নাজিরপাড়া, ইসমাইল হাজীপাড়া, ফাকিরাপাড়া	
	৩	মফজলপাড়া, মহাজনপাড়া, নাথপাড়া, রফিউদ্দীন মাঝিপাড়া, মৌলভীপাড়া	
	৪	হাজী মফজল মিয়াপাড়া, হাজী অছিমিয়াপাড়া, কালা পরান্যারপাড়া, রোড়পাড়া	
	৫	মিয়াজিরপাড়া, মৌলভী আজিজুর রহমানপাড়া, লোটপাড়া,	
	৬	কৈলাস্যাঘোনা, কিল্লাপাড়া, দক্ষিন মলমচর,	
	৭	রোসাইপাড়া, পুরান সিকদারপাড়া, আনু হাজীরপাড়া, জইখ্যাপাড়া	
	৮	ঘিলাছলি, নাপিত পাড়া	
	৯	মলমচর পাড়া, দক্ষিণ মলমচর নজরআলী মাতবরপাড়া	
বড়ঘোপ	১	লাল ফকির পাড়া, ব্রাম্মণপাড়া, বশরতপাড়া, আসাদ আলীপাড়া, গোল বেহেরপাড়া	বড়ঘোপ মৌজা,
	২	দক্ষিণ মাতবরপাড়া, সনু মাতবরপাড়া, ঝাউতলা, চাঁনমিয়াপাড়া	
	৩	লোসাইপাড়া, ঘোনার মোড়, সাইট পাড়া	
	৪	আমজাখালী, মধ্যম আমজাখালী, দক্ষিন আমজাখালী, হামজা বাপেরপাড়া	
	৫	মিয়ার পাড়া, পশ্চিম আমজাখালী, হিন্দুপাড়া, জেলেপাড়া, মগডেইল	
	৬	পূর্ব মোরালিয়া, দক্ষিন সাইটপাড়া, দক্ষিণ মোরালিয়া, উত্তর মোরালিয়া	
	৭	মিয়ার ঘোনা, উত্তর সাইট পাড়া, আজম কলোনী, জেলে পাড়া, নয়াপাড়া, গোলদারপাড়া, নাপিতপাড়া, রেজিয়াপাড়া, জাইল্যাপাড়া	
	৮	মিয়াজিরপাড়া, বহদ্দারপাড়া, জোলহারপাড়া, আজম রোড়, বানু পাড়া, বেন্যারপাড়া, ফতে আলী পাড়া, পেন্যার পাড়া, ওয়াহেদ পাড়া, সুলতানপাড়া	
	৯	মাতবরপাড়া, চিন্নি খায়ের পাড়া, হাঁড়ি সিকদারপাড়া, আরব সিকদারপাড়া, ছৈয়দ পাড়া।	

ইউনিয়নের নাম	ওয়ার্ড	গ্রামের নাম	ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম
আলী আকবর ডেইল	১	চৌধুরীপাড়া, কাহারপাড়া, কিরণপাড়া, কাজীরপাড়া, সাইটপাড়া, স্কুলপাড়া-উল্টর	আলী আকবর ডেইল মৌজা, রাজাখালী মৌজা, খুদিয়ারটেক মৌজা
	২	হকদারপাড়া, নাছিয়ারপাড়া, পন্ডিত পাড়া, তেলীপাড়া, স্কুলপাড়া-দক্ষিণ, নতুনপাড়া	
	৩	হায়দারপাড়া, আব্দুলহাদী সিকদারপাড়া, ঘাটকুলপাড়া, নতুনপাড়া, বেড়ীবাঁধপাড়া	
	৪	ফাতেহ আলী সিকদারপাড়া, কালুয়ার ডেইল, সইরগ্যারপাড়া,	
	৫	সন্দীপি পাড়া, পুতিন্যারপাড়া, বাদুগ্যাপাড়া, মশরফআলী সিদারপাড়া-আংশিক	
	৬	আনিসের ডেইল, সাতঘরপাড়া, চৌধুরীপাড়া, মশরফ আলী সিদারপাড়া, নয়াহাটখোলাপাড়া, জেলেপাড়া,	
	৭	পুর্ব তাবলের চর, মধ্যম তাবলের চর, জলবরপাড়া, পূর্ব চরপাড়া	
	৮	নয়াপাড়া, চাটিপাড়া, পশ্চিম চর পাড়া, টেকপাড়া	
	৯	খুদিয়ার টেক, সাইট পাড়া	

(তথ্যসূত্র উপজেলা ভূমি অফিস ও ইউনিয় পরিষদ)

১.৩.৩ জনসংখ্যাঃ

এই উপজেলাটি দ্বীপাঞ্চল হওয়ায় জনসংখ্যা স্থিতিশীল নয়। দুর্যোগ প্রবণ এলাকা হিসাবে বিভিন্ন সময় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগণ নিরাপদ আশ্রয়ের লক্ষ্যে অন্যত্র বসতি স্থাপন করতে শুরু করে। ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত ও জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতির পর এলাকার জনগণ কক্সবাজার জেলার মূল ভূ-খন্ডে বিভিন্ন এলাকায় বসতি আরম্ভ করে। ফলে উপজেলার জনসংখ্যা ক্রমান্বয়ে কমতে থাকে। গত ২০১১ সাথে জাতীয় আদমশুমারী হিসাব অনুযায়ী মোট অধিবাসীর সংখ্যা ১,৩০,১০৮ জন যার মধ্যে পুরুষ ৬৬,৯৬৪ জন ও মহিলা ৬২,২১১ জন।

এখানে উল্লেখ্য যে, উপজেলার জনসংখ্যার তথ্যটি উপজেলার পরিসংখ্যান ব্যুরোর অফিস হতে প্রাপ্ত। এছাড়া বৃদ্ধ ও প্রতিবন্ধী তথ্য যথাক্রমে উপজেলার হেলথ কমপ্লেক্স এবং উপজেলার সমাজসেবা ও ইউনিয়ন পরিষদ তথ্য কেন্দ্র থেকে সংগ্রহ করা হয়েছে। নিম্নে উপজেলার পুরুষ, মহিলা, শিশু, বৃদ্ধ ও প্রতিবন্ধী সংখ্যা ইউনিয়ন ভিত্তিক পৃথকভাবে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	ইউনিয়ন	পুরুষ	মহিলা	শিশু (০-১৫)	বৃদ্ধ (৬০+)	প্রতিবন্ধি	মোট জনসংখ্যা	পরিবার/ খানা	ভোটার
০১.	উত্তর ধরং	১৩,৩১৫	১৩,৮৬৬	১০,৯৬৫	৫২০	৩৪০	২৭,১৬১	৫,০৫৪	১৫,৪৪০
০২.	দক্ষিণ ধুরং	৯,৭৯২	৯,৩০৫	৬,৯০০	৪২৫	২৫৬	১৯,০৯৭	৩,২৩৯	১০,০৮৪
০৩.	লেমশা খালী	১০,৯০১	৯,৯০৯	৮,০০০	৪৩২	২২০	২০,৮১০	৩,১৩৬	১০,১৯৪
০৪.	কৈয়র বিল	৬,৭১৯	৬,৭৪০	৭,৮০০	৩৭৮	৩২৮	১৩,৪৫৯	২,০৯২	৭,৬৮৪
০৫.	বড়ঘোপ	১৩,১২৫	১২,৭৪৯	৮,৫০০	৫১৯	৩২৩	২৫,৮৭৪	৫,১৫৩	১৬,৭৯৭
০৬.	আলী আকবর ডেইল	১২,৭১২	১০,৯৯৫	৮,৬০০	৪৮৬	৩২৪	২৩,৭০৭	৪,০১৩	১৩,৮৪২
	মোট	৬৬,৯৬৪	৬৩,৫৪৪	৫০,৭৬৫	২,৭৬০	১,৭৯১	১,৩০,১০৮	২২,৬৮৭	৭৪,০৪১

(তথ্যসূত্র বিবিএস)

১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত বর্ণনাঃ

১.৪.১ অবকাঠামো :

বাঁধঃ

সমগ্র উপজেলাটি চতুর্দিকে ১টি বাঁধ দ্বারা পরিবেষ্টিত। এটি উপজেলাকে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস থেকে রক্ষার নিত্তিতে নির্মান করা হয়েছিল। বেড়ি বাধেঁর দৈর্ঘ্য ৪০ কিলোমিটার যার প্রস্থ ১০ হতে ১৪ ফুট এবং উচ্চতা ৭-১২ ফুট। নিম্নে বেডি বাধেঁর তথ্য ইউনিয়ন অনুসারে প্রদান করা হলো ঃ

- উত্তর ধূরং ইউনিয়নের পুর্ব, পশ্চিম ও উত্তরে ১,৩,৪,৫ নং ওয়ার্ডের অধীনে আওতায় ১২ কিলোমিটার বাধ রয়েছে যার প্রস্থ ১০-১৪ ফুট এবং উচ্চতা ৬-১২ ফুট। এই বাধটি অলিপাড়া হতে চরধুরং হয়ে সতরউদ্দীন প্রাথমিক বিদ্যালয়ের সীমানা পর্যন্ত । এই অংশে প্রায় ৭ কিলোমিটার বাঁধ ঝুকিপূর্ণ অবস্থায় আছে। এই বাধগুলো বিভিন্ন সময় আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার হয়ে থাকে।

- কৈয়ার বিল পুর্ব ও পশ্চিমে ১ও ৯ নং ওয়ার্ডের অধীনে আওতায় ৫ কিলোমিটার বাঁধ রয়েছে যার প্রস্থ ১০-১৪ ফুট এবং উচ্চতা ৬-১২ ফুট। এই বাঁধটি পশ্চিমে গিলাচরি হতে উত্তর কৈয়ারবিল বিন্ধাপাড়া এবং উত্তর মলমচর হতে দক্ষিন মলমচর পর্যন্ত প্রায় ৫ কিলোমিটার বাঁধ ঝুকিপূর্ণ অবস্থায় আছে। এই বাধগুলো বিভিন্ন সময় আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহার হয়ে থাকে।
- দক্ষিণ ধুরং ইউনিয়নের ১ ও ২ নং ওয়ার্ডের অধীনে মিজ্জিরপাড়া থেকে বিন্দার পাড়া পর্যন্ত মোট ৩.৫ কিলোমিটর বাধ রয়েছে যেগুলোর প্রস্থ ১৭-২০ ফুট এবং উচ্চতা ৬ ফুট। বিভিন্ন প্রাকৃতিক দুযোর্গের সময় এই বাধগুলো আশ্রয়স্থল হিসাবে ব্যবহার হয়ে থাকে।
- লেমশীখালী ইউনিয়নে ৩,৫,৬,৯ নং ওয়ার্ডের মধ্যদিয়ে মোট ৫ কিলোমিটার বেড়িবাঁধ এর অবস্থান। এই বাঁধগুলোর প্রায় ১৮ ফুট চওড়া এবং ৮ উচু। বিভিন্ন প্রাকৃতিক দুযোর্গের সময় এই বাধগুলো আশ্রয়স্থল হিসাবে ব্যবহার হবে।
- বড়ঘোপ ইউনিয়নের ১,২ ও ৩নং ওয়ার্ড এবং ৬,৭,৮ ও ৯ নং ওর্য়াডের অংশবিশেষ দিয়ে দক্ষিণ মোরালিয়া হতে মিয়ারঘোনা পর্যন্ত ও লোসাইপাড়া হতে উত্তর বড়ঘোপ পর্যন্ত মোট ২.৫ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে। বাঁধগুলো প্রাকৃতিক দুর্যোগের সময় গবাদি পশু ও গরীব মানুষগুলো আশ্রয় নিয়ে থাকে।
- আলী আকবর ডেইল ইউনিয়নের পুর্ব, পশ্চিম ও দক্ষিণে ১ ও ৯ নং ওয়ার্ডের সাইট পাড়া থেকে তাবলের চর দিয়ে ঘোরে ৬ নং ওয়ার্ডের জেলে পাড়া পর্যন্ত পর্যন্ত মোট ১২ কিলোমিটার বেড়িবাঁধ রয়েছে যার উচ্চতা ৭-৮ ফুট এবং ১৪ ফুট প্রস্থ। এই অংশে বেড়িবাঁধের প্রায় ৫ কিলোমিটার বাঁধ ঝুকিপূর্ণ এবং মেরামত করা প্রয়োজন। (তথ্যসূত্র ইউনিয়ন পরিষদ ও পানি উন্নয়ন বোর্ড)

স্লুইচগেইটঃ

কুতুবদিয়া উপজেলায় ছোট-বড় মোট ১০টি স্লুইচ গেট রয়েছে। স্লুইচ গেটগুলো উপজেলার উত্তর ধূরং, লেমশীখালী, কৈয়ারবিল, বড়গোপ ও আলী আকবর ডৈইল ইউনিয়নের বিভিন্ন অংশে অবস্থিত। এগুলো বেড়িবাঁধের মধ্যদিয়ে তৈরী করা হয়েছে। স্লুইজগেটগুলো পানি প্রবেশ করানো এবং বের করার জন্য ২, ৩ ও ৫ দরজা বিশিষ্ট করে স্থাপন করা হয়েছে। উক্ত স্লুইচ গেইটগুলোর মধ্যে দিয়ে প্রয়োজন মত পানি প্রবেশ ও বের করে দেয়া হয়। প্রায় স্লুইচ গেটের অবস্থা ভাল নয় এবং মরিচা ধরেছে যেগুলো মেরামত করা প্রয়োজন। নিম্নে সুইচ গেইটগুলোর নাম, কোন খালের সাথে সংযুক্ত, কোন ইউনিয়নের অবস্থান প্রদান করা হলো ঃ

- উত্তর ধূরং ইউনিয়নের ১নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও ফরিজ্যারপাড়া জোরা খাল উপর ফরিজ্যানী পাড়া স্লুইচগেইটি অবস্থিত। একই ইউনিয়নের ৪নং ওয়ার্ডের কুতুবদিয়া চ্যানেল ও আকবরবলীরপাড়া জোরা খাল উপর দিয়ে আকবরআলী পাড়া স্লুইচগেইটি অবস্থিত।
- লেমশীখালী ইউনিয়নের ৪নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও গাইনারজুরা খালের উপর গাইনারজুরা স্লুইচগেইট অবস্থিত। একই ইউনিয়নের ৯নং ওয়ার্ডের কুতুবদিয়া চ্যানেল ও পুটখালী জুরা খালের উপর দিয়ে পুটখালী জুরা স্লুইচগেইটটি অবস্থিত। ৯ নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও পিলটকাটা খালের উপর ক্রসডেম স্লুইচগেইট নামক স্লুইচগেইটি অবস্থিত।
- কৈয়ারবিল ইউনিয়নে ৯নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও পিলটকাটা খালের উপর ক্রসডেম স্লুইচগেইট মলমচরে বিটিশ স্লুইচগেইট অবস্থিত।
- বড়ঘোপ ইউনিয়নের ৭নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও আজমকলোনী খালের উপর আজম কলোনী স্লুইচ গেইট অবস্থিত। একই ইউনিয়নের ৬নং ওয়ার্ডের কুতুবদিয়া চ্যানেল ও মোরালিয়াখালের উপর মোরালিয়া স্লুইচ গেইট অবস্থিত।
- আলী আকবর ইউনিয়নের ৬ নং ওয়ার্ড কুতুবদিয়া চ্যানেল ও জেলেপাড়া কুমিরাছড়া খালের উপর কুমিরাচর স্লুইচ গেইট অবস্থিত। একই ইউনিয়নের ৮নং ওয়ার্ডের পুর্বে কুতুবদিয়া চ্যানেল ও কাটাখালী খালের উপর তাবালেচর কাটাখালী স্লুইচ গেইট অবস্থিত।

(তথ্যসূত্র ইউনিয়ন পরিষদ ও পানি উন্নয়ন বোর্ড)

ব্রীজঃ

উপজেলার ৬টি ইউনিয়নের বিভিন্ন অংশে ছোট বড় অনেকগুলো ব্রীজ রয়েছে যা এলাকার জনগনের যাতায়াতের সহায়ক হিসাবে কাজ করছে। বর্তমানে কুতুবদিয়া উপজেলায় মোট **৫৮টি** ব্রীজ রয়েছে যার বিস্তারিত নাম, কোন খাল বা নদীর উপর, কোন ইউনিয়নের কোন ওর্য়াডের এবং মানুষের চলাচলে উপযোগী কিনা তা নিচে ইউনিয়ন অনুসারে প্রদান করা হলোঃ

- উত্তর ধূরং ইউনিয়নে মোট ২২ ব্রীজ রয়েছে। সেগুলো হলো- ১নং ওয়ার্ডে আজগরিয়া সড়কে ১টি ব্রীজ, ২ নং ওয়ার্ডের আজিম উদ্দিন সিকদার পাড়া খালের উপর আজম রোড়ে আজিম উদ্দিন সিকদার পাড়া উত্তর ও দক্ষিণ ২টি ব্রীজ, ৩নং ওর্য়াডর আফাজউদ্দীন সড়ক ব্রীজ, ৪নং ওর্য়াডে চন্দন খালের উপর চন্দন মাঝির সড়ক পাড়া ব্রীজ, নাপিতপাড়া সড়ক ব্রীজ, ধুরং খালের উপর আজম রোড়ে ধুরং খাল ব্রীজ, মুছা সিরাজ সড়ক ব্রীজ, ছমিজ্জির খালের উপর বাঘখালী ছাদেরঘোনা নতুন সড়ক ব্রীজ, ৫ নং ওয়াড-এ ধুরং খালে উপর জুম্মারপাড়া পাড়া ব্রীজ, ধুরং খালে উপর বাঘখালী স্কুলের পাশের ব্রীজ, সিরাজদ্দৌল্লাহ চেয়ারম্যানের বাড়ীর পাশের ব্রীজ, পিল্যারপাড়া ব্রীজ ও ফয়জনির পাড়া ব্রীজ, ৬ নং ওয়াড এ বাইঙ্গাকাটা খালে উপর বাইঙ্গাকাটা ব্রীজ ২টি, ৭ নং ওর্য়াডের কুইল্যাপাড়া খালের উপর ফজলকরিম সড়ক ব্রীজ, নয়াকাটা খালের উপর মিয়াকাটা ব্রীজ, ৯ নং ওয়ার্ডের

তেলিয়াকাটা খালের উপর তেলিয়াকাটা ব্রীজ, কুইল্লারপাড়া খালের উপর কুইল্লারপাড়া সড়ক ব্রীজ, ধুরং খালের উপর বকশালীপাড়া ব্রীজ সমূহ অবস্থিত।

- দক্ষিণ ধূরং ইউনিয়নে মোট ৯টি ব্রীজ রয়েছে। সেগুলো যথাক্রমে, ১নং ওর্যাডে অলি পাড়া খালের উপর সিকদার পাড়া ব্রীজ, অলি খালের উপর উত্তর কালা চান পাড়া ব্রীজ (ঝুকিপূর্ণ) ও দক্ষিণ কালা চান পাড়া ব্রীজ (ঝুকিপূর্ণ), ২ নং ওর্যাডের নাপিত খালের উপর মদন্যার পাড়া বাতিঘর ব্রীজ (ঝুকিপূর্ণ), ৩ ও ৪ ওর্য়াডের তিলক কাটা খালের উপর আকবর শাহ্ ব্রীজ, পূর্ব আলী ফকির ডেইল ব্রীজ, সোকলাল পাড়া ব্রীজ ও ডিংগা ভাঙ্গা ব্রীজ, ৬নং ওর্য়াডের তিলক কাটা খালের উপর নয়া পাড়া ব্রীজের অবস্থান।
- লেমশীখালী ইউনিয়নে মোট ১১টি ব্রীজ রয়েছে। ব্রীজগুলো হলো, ১ ও ২নং ওর্য়াডের রাজাখালী খালের উপর রাজাখালী ব্রীজ, ২ নং ওয়ার্ড এ ঘইট্যাখালী রোড়ে রাজাখালী খালের উপর ঘাইট্যাখালী ব্রীজ, মিরাখালী সড়কে লবন মাঠের পানি চলাচলের উপর কাজীরপাড়া ব্রীজ ও মিরাখালী সড়কে লবন মাঠের পানি চলাচলের উপর করলাপাড়া ব্রীজ। ৫নং ওয়ার্ডের খালের উপর ওপারে মসজিদে যাওয়ার জন্য আনুবাপের পাড়া জমে মসজিদ রাস্তা ব্রীজ। ৬নং ওয়ার্ড দরবার রোড়ে রাজাখালী খালের উপর লাইত্যার ব্রীজ। ৯নং ওয়ার্ড এ পিলটকাটা খালের উপর শাহাজীরপাড়া ব্রীজ অবস্থিত।
- কৈয়ারবিল ইউনিয়নে মোট ৬টি ব্রীজ রয়েছে। সেগুলো হলো, ২নং ওয়ার্ড জমির পানি নিষ্কাষনে গিলাছড়ি স.প্রা. বিদ্যালয় সংলগ্ন ব্রীজ, ৪নং ওয়ার্ডে জমির পানি নিষ্কাষনে হাজী এলাহদাদ মিয়া রাস্তার সংলগ্ন ব্রীজ, ৫নং ওয়ার্ডে জমির পানি নিষ্কাষনে পুরাতন কমিউনিটি সেন্টার সংলগ্ন ব্রীজ, ৬নং ওয়ার্ডে জমির পানি নিষ্কাষনে চেয়াম্যান বাড়ীর দক্ষিনে ব্রীজ, ৭নং ওয়ার্ডে পিলটকাটা খালের উপর ব্রীজ রাস্তার ব্রীজ (ঝুঁকিপূর্ণ), ৭নং ওয়াডে জমির পানি নিষ্কাষনে সমিতি রোড় ব্রীজ অবস্থিত।
- বড়ঘোপ ইউনিয়নে মোট ৪টি ব্রীজ রয়েছে। সেগুলো যথাক্রমে, ৩নং ওয়ার্ডের মোরালিয়া খালের উপর রুমাইপাড়া মেইন রোড়ে পূর্ব পাশে রুমাইপাড়া রোড়ের পশ্চিম পাশে। ৬নং ওয়ার্ডের জমির পানি নিষকাশনের জন্য মোরালিয়া ব্রীজ মোরালিয়া কালোর ডেইল ব্রীজ। ৭নং ওয়ার্ডের জমির পানি নিষকাশনের জন্য আজমকলোনী রোড়ের ব্রীজ। ৯নং ওয়ার্ডের কাজী খালের উপর হাড়ি সিকদারপাড়ার পশ্চিম পাশের ব্রীজ।
- আলী আকবর ডেইল ইউনিয়নে মোট ৬টি ব্রীজ রয়েছে। সেগুলোর অবস্থান হলো, ১নং ওয়ার্ডের চাষের জমির উপর কিরণপাড়া ব্রীজ, ৩নং ওর্য়াডের জমির পানি নিস্কাষনের জন্য ঘাটকুল পাড়া ব্রীজ, ৪নং ওর্য়াডের জমির নিস্কাষনের জন্য ফতে আলী সিকদারপাড়া ব্রীজ, ৫নং ওর্য়াডের জমির পানি নিস্কাষনের জন্য পুত্যেন্যারপাড়া ব্রীজ, ৬নং ওর্য়াডের চাষের জমির উপর তালেরচর ব্রীজ ও ৮নং ওর্য়াডের জমির পানি নিস্কাষনের জন্য পশ্চিম তাবালেরচর ব্রীজ।

জেটিঃ

এছাড়া এলজিইডি নির্মিত ৫টি জেটি রয়েছে। নিম্নে জেটির নাম প্রদান করা হলোঃ

১. আলী আকবর ঘাট জেটি
২. বড়ঘোপ ঘাট জেটি
৩. দরবার ঘাট জেটি
৪. উত্তর ধূরং ঘাট জেটি ও
৫. আকবর গলি ঘাট জেটি (কাঠের জেটি)

কালভার্টিঃ

কুতুবদিয়া উপজেলায় ছোট-বড় মোট ১৯৩টি কালভার্ট আছে। যা উত্তর ধরং ৫৮টি, দক্ষিণ ধুরং ৫টি, লেমশীখালী ৪৮টি, কৈয়ারবিল ২৯টি বড়ঘোপ ৪০টি, আলী আকবর ডেইল ১৩টি কালভার্ট রয়েছে। কালভার্ট সমূহের বিস্তারিত বিবরণ যেমন নাম, কোন নদী বা খালের উপর, কোন ইউনিয়ন এবং কার্যকর অবস্থায় আছে কিনা নিম্নে ইউনিয়ন ভিত্তিক প্রদান করা হলোঃ

- উত্তর ধূরং ইউনিয়নে ১নং ওর্যাডের জোয়ারা খালের উপর নয়াকাটা সড়কের কালভার্ট/ আজগরিয়া সড়ক ছাটিপাড়া সড়কে-৩টি কালভার্ট /আবুতাহের মেম্বার সড়কে ২টি কালভার্ট/সিকদারঘোনা সড়ক কালভার্ট। ২নং ওর্য়াডের জোয়ারা খালের উপর চুল্লারপাড়া সড়ক কিল্লা রোডে ২টি কালভর্ট। ৩ নং ওয়ার্ড এ মনছুর হাজীরপাড়া কালভার্ট / জিয়াউদ্দীন সড়ক আফাজউদ্দীন সড়কে ৩টি কালভার্ট। ৪ নং ওয়ার্ড এ ঠান্ডাবাপেরপাড়া সড়ক চন্দন মাঝির সড়ক পাড়া-৩ নাপিতপাড়া সড়ক মুছা সিরাজ সড়ক -৩টি ছাদের ঘোনা সড়ক-২টি। ৫ নং ওর্য়াডের জোয়ারা খালের উপর জুম্মারপাড়া, নয়াপাড়া হাফিজিঘোনা কালভার্ট. কুইল্যারপাড়া পেঁচারপাড়া পূর্ব পাশের কালবাট। ৬নং ওর্য়াডের জোয়ারা খালের উপর জমির পানি নিষ্কাষনে মেইজ্যারপাড়া বাইঙ্গাকাটা রাস্তায় কালভার্ট - ৪টি। ৭ নং ওর্য়াডের ছমদিয়া মসজিদের পাশের কালভার্ট কালারমাপাড়া ২টি. ফজল করিম সড়ক-২টি মিয়াকাটা কালভার্ট, মগলার পাড়া কালাভাট-৩টি। ৮ নং ওর্য়াডের হায়দারপাড়া সড়ক কালভার্ট -৪টি। ৯ নং ওর্য়াডের খত্তাব মাদ্রসা সড়ক কালভার্ট ফজলকরিম সড়ক কুইল্লারপাড়া সড়ক কালভার্ট-২টি, ধুপীপাড়া সড়ক কালভার্ট-৩টি, মৌলভীপাড়া সড়ক কালভার্ট -২টি।

- দক্ষিণ ধূরং ইউনিয়নে মোট ৫টি কালভার্ট রয়েছে। এগুলো হলো; ১ ও ৮ নং ওয়ার্ডের মধ্য নয়া পাড়া সংলগ্ন কালভার্ট (ঝুকিপূর্ণ)। ১ ও ৯ নং ওর্য়াডের মধ্যে একান্ন্যামিজজীর পাড়া কালভার্ট (ঝুকিপূর্ণ)। ৩নং ওয়াড আশা হাজীর পাড়া ও পূর্ব আলী ফকির পাড়া কালভার্ট। ৯নং ওয়াড সোকলাল পাড়া কালভার্টের অবস্থান।
- লেমশীখালী ইউনিয়নে মোট ৪৮টি কালভার্ট রযেছে। সেগুলো হলো যথাক্রমে, ২নং ওর্য়াডের অধীনে মুন্সি মিয়াজিরপাড়া সড়ক মিরাখালী সাক্লোন সেল্টার রোড়ে ২টি, লুৎপারপাড়া রাস্তায় ৩টি, করলাপাড়া রাস্তা ৪টি, উত্তর ধুপীপাড়া রাস্তা ৩টি, দক্ষিন ধুপী পাড়া মন্দিরের সামনে ধুপীপাড়া দুর্গা মন্দির
- রাস্তায় ১টি। ৩নং ওর্য়াডের আওতায় পিয়ারাকাটা রাস্তার কালভার্ট, ধুপীপাড়া রাস্তায়-৩টি, মশরফআলী সিকদারপাড়া রাস্তায় নুরুল আমিন ও রশিদ আহমদের বাড়ী পাশের কালভার্ট-২ টি, মশরফআলী সিকদারপাড়া রাস্তায় ছুপিয়া বাপের পশ্চিম ও রোকিয়া বাপের পূর্ব বাড়ী পাশের কালভার্ট - ২টি, সোকলাল পাড়া রাস্তা হইশ্যাপাড়া ও কোনপাড়া রাস্তা উপর কালভর্টি। ৫নং ওর্য়াডের অধীনে তহলীপাড়া রাস্তায় মৌং জাপরের বাড়ী ও আব জলিলের বাড়ীর পূর্ব পাশে - ২টি, গাইনাকাটা রাস্তা ৫টি কালভার্ট, নয়াঘোনা রাস্তায় ৩টি মাঝেরপাড়া রাস্তায় ২টি, তহলীপাড়া পঞ্চখানা রাস্তায় ১টি, পূর্ব লেমশীখালী প্রাথমিক বিদ্যালয় রাস্তায় ৩টি কালভার্ট। ৭ ও ৮নং ওয়ার্ড ঠান্ডা চৌধুরী পাড়ায় ৩টি কালভার্ট হাবীব হাজীরপাড়ায় ২টি। ৯ নং ওয়ার্ডের অধীনে সোলতানপাড়া মসজিদের পূর্বে ১টি, ছিদ্দিক হাজীরপাড়ায় ১টি কালভার্ট রয়েছে।
- কৈয়ারবিল ইউনিয়নে ২৯টি কালভার্ট রয়েছে। সেগুলো অবস্থান হলো, ১নং ওয়ার্ডএর অধীনে উঃ কৈয়ারবিল প্রা. বিদ্যালয় রাস্তায় কালভার্ট ২টি সেন্টার রোড়ের কালভার্ট বিন্দারপাড়া রাস্তায় কালভার্ট ২টি, ২নং ওয়ার্ডের অধীনে নাজিরপাড়া রোড়ে কালভার্ট ২টি নুরানিয়া বালিকা মাদ্রাসা রোড়ে কালভার্ট ৪টি। ৩নং ওয়ার্ডের অধীনে হদ্দাঘর রোড়ে কালভার্ট ২টি, মহাজন রোড়ে কালভার্ট ৩টি, ৬নং ওয়ার্ডে কৈলস্যাঘোনা রাস্তার কালভার্ট, ৭নং ওয়ার্ডের সমিতিরপাড়া নতুন রাস্তার কালভার্ট, ৮নং ওয়ার্ডে মেম্বার রাস্তা কালভার্ট ও ঘিলাছড়ি রাস্তার কালভার্ট এবং ৯নং ওয়ার্ডের নজরআলী মাতব্বার রাস্তায় কালভার্ট ৩টি মিয়াজিরপাড়া রাস্তার কালভার্ট ক্রসডেম রোড়ে কালভার্ট ৪টি কালভার্ট রয়েছে।
- বড়ঘোপ ইউনিয়নে মোট ৪০টি কালভার্ট রযেছে। কালভার্টগুলো যথাক্রমে উল্লেখ করা হলো। ইউনিয়নের ১নং ওয়ার্ডের অধীনে জমির পানি নিস্কাশনে জন্য নির্মিত হাসপাতাল সড়কের পশ্চিম ও পূর্ব কালভার্ট ও মুখবন্দ রাস্তার কালভার্ট। ২ নং ওয়ার্ডের মিজ্জির রাস্তার কালভাট পূর্বচাঁদ মিয়াপাড়া রাস্তার কালভাট। ৩ নং ওয়ার্ডের ঘোরারমোর রাস্তায় মসজিদেরপাশে মগডেইল ঘোনারমোর রাস্তার কালভার্ট রুমাইপাড়া রাস্তায় গনস্বাস্থ্যের পাশে কালভার্ট। ৪নং ওয়ার্ডের আমজাখালী-মগডেইল রোড়ে ২টি কালভার্ট/ বিদুৎ মার্কেট আমজাখালী রোড়ে ২টি কালভাট/ মুধু পুকুরের পাশের রাস্তায় ২টি কালভার্ট/ আমজাখালী মেমোরিয়াল রোড়ে ২টি / কালো ফকিরের রাস্তায় ২টি / চেয়ারম্যান রাস্তায় ২টি কালভার্ট / মুধু পুকুরের পূব পাশের সংযোগ রাস্তায় ১টি। ইউনিয়নের ৫নং ওয়ার্ড এর অধীনে চাঁদ গাজী রাস্তার কালভার্ট / মৌলভী পাড়া রাস্তার কালভার্ট/মগডেইল-আমজাখালী রোড়ের কালভার্ট। ৬নং ওয়ার্ড এর অধীনে পুর্ব মোরালিয়া রাস্তার কালভাট / দক্ষিন মোরালিয়া রাস্তার কালাভার্ট/আজমখালী-মোরালিয়া রোড়ের কালভার্ট। ৭ নং ওয়ার্ডের অধীনে বিদুৎমার্কেট-কলেজ রোড়ে ২টি, গুদাম রোড়ে ২টি, জেলেপাড়া ডিসি রোড়ে ২টি, আজমকলোনী রোড়ে ১টি। ৮নং ওয়ার্ডের অধীনে জোলহারপাড়া রাস্তার কালাভার্ট, বানুবাপের পাড়া কলেজ রোড়ের কালভার্ট এবং ৯ নং ওয়ার্ডের অধীনে কলেজ রোড়ে ২টি, হাড়ি সিকদারপাড়ার কালভার্ট আবর সিকদারপাড়া রাস্তার কালভার্ট।
- আলী আকবর ইউনিয়নের অধীনে মোট ১৩টি কালভার্ট রযেছে। সেগুলো হলো- ২নং ওয়ার্ডের অধীনে রয়েছে হকদারপাড়া পাড়ার কালভার্ট, নাছিয়ারপাড়ার কালভার্ট, ৩নং ওয়ার্ডে রয়েছে কাহার পাড়া, ঘাটকুলপাড়া - ৩টি, ৪নং ওয়ার্ডের অধীনে আছে ফতে আলী সিকদারপাড়া, ৬নং ওয়ার্ডে রয়েছে আনিসের ডেইল রোড় ২টি, নায়া হাটকুলা রোডে ১টি, এবং ৮নং ওয়ার্ডের আওতায় তালেরচর পশ্চিম তাবালেরচর কালভার্ট অবস্থিত।

রাস্তাঃ

কুতুবদিয়া উপজেলার আভ্যন্তরিন যোগাযোগ ও এলাকা সাধারণ মানুষের চলাচলের জন্য প্রয়োজনমত সড়ক ব্যবস্থা বিদ্যমান রয়েছে। মোট ৬ টি ইউনিয়নের মধ্যকার যোগাযোগের জন্য পাকা রাস্তা রয়েছে এবং রাস্তাগুলোর অবস্থা যথেষ্ট ভাল। অন্যদিকে ইউনিয়ন পর্যায়ে আভ্যন্তরিন যোগাযোগের জন্য কাচা পাকা রাস্তা রযেছে। এছাড়াও কিছু পরিমান HBB রাস্তা যা এলাকার জনগণের মধ্যে চলাফেরার জন্য সহায়ক। নিম্নে উপজেলার মোট রাস্তার পরিমান প্রদান করা হলো ঃ

- ✓ মোট রাস্তার পরিমান ঃ ২৮০ কিলোমিটার
- ✓ মোট পাকা রাস্তার পরিমান ঃ ৭৪.৫ কিলোমিটার
- ✓ মোট কাঁচা রাস্তার পরিমান ঃ ১২৪ কিলোমিটার
- ✓ মোট HBB রাস্তার পরিমান ঃ ৮১.৫ কিলোমিটার

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোট (কিঃমিঃ)	পাকা (কিঃমিঃ)	কাঁচা (কিঃমিঃ)	HBB (কিঃমিঃ)
০১.	উত্তর ধরং	৬৯	১৮	৩০	২১
০২.	দক্ষিণ ধুরং	৫৬.৫	১১.৫	২৭	১৮

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মোট (কিঃমিঃ)	পাকা (কিঃমিঃ)	কাঁচা (কিঃমিঃ)	HBB (কিঃমিঃ)
০৩.	লেমশা খালী	৪৭.৫	৮	২৯	১০.৫
০৪.	কৈয়র বিল	৩৬	১০	১২	১৪
০৫.	বড়ঘোপ	৩৭	১৫	১২	১০
০৬.	আলী আকবর ডেইল	৩৪	১২	১৪	৮
	মোট	২৮০	৭৪.৫	১২৪	৮১.৫

(তথ্যসূত্র এলজিইডি, সওজ ও ইউনিয়ন পরিষদ)

কুতুবদিয়া উপজেলায় মোট রাস্তার সংখ্যা ১৩৯টি রাস্তা আছে যার দৈর্ঘ্য ২৮০ কিঃমিঃ । এর মধ্যে পাকা রাস্তার সংখ্যা ২৯টি এর দৈর্ঘ্য ৭৪.৫কিলোমিটার, কাঁচা রাস্তার সংখ্যা ৬২টি এর দৈর্ঘ্য পরিমান ১২৪ কিলোমিটার, HBB রাস্তার সংখ্যা ৪৮টি এর দৈর্ঘ্য ৮১.৫ কিলোমিটার।এই রাস্তাগুলোর গড় উচ্চতা ৩ থেকে ৩.৫ফুট এবং প্রস্ত যথাক্রমে ৫ থেকে ১২ফুটের মধ্যে । বৃষ্টি, বড় জোয়ারের সময় কাচাঁ, পাকা ও অর্ধপাকাসহ ৫০% রাস্তা পানিতে ডুবে যায় । নিম্নে ইউনিয়ন ভিত্তিক রাস্তার সংখ্যা ও অবস্থানের তথ্য প্রদান করা হলো ঃ

আজম সড়ক কুতুবদিয়ার প্রধান সড়ক এটি আলী আকবর ইউনিয়নের দক্ষিনে তাবালেরচর হতে উত্তর ধুরং আকবরবলীর ঘাট পর্যন্ত ২০কি.মি. দৈর্ঘ্য এবং আলী আকবর ডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, দক্ষিন ধুরং ও উত্তর ধুরং ইউনিয়ন অবস্থান ।

উত্তর ধরং ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ২৫টি, যার দৈর্ঘ্য প্রায় ৬৯কিঃমিঃ। এই ২৫টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৩টি, যার দৈর্ঘ্য ১৮ কিঃ মিঃ। এগুলো হলো আজম সড়ক হতে চেয়ারম্যান বাড়ী হয়ে ভিতর দিয়ে ফয়জউল্লাহর দোকান পর্যন্ত ২.৫ কি:মি, ধুরং বাজার হতে ধুরং ঘাট পর্যন্ত ৫কি.মি । আজম সড়ক উত্তর ধুরং হতে আকবরবলীর ঘাট পযর্ন্ত ১০.৫ কি:মি: । ১২টি কাঁচা রাস্তা, যার দৈর্ঘ্য প্রায় ৩০কিঃমিঃ এবং ১০টি আধা পাকা রাস্তা আছে, যারদৈর্ঘ্য প্রায় ২১ কিঃমিঃ । আধাপাকা ও কাচাঁ রাস্তা গুলো হলো ইউনিয়নের ১নং ওয়ার্ডে সিকদারঘোনা ও মাষ্টার মন্নান সড়কসহ আজম রোড় হতে উত্তরে বেড়ীবাঁধ পর্যন্ত ৩টি রাস্তা ৩.৫কি.মি, মনুসিকদারপাড়া হতে মন্নানের বাড়ীর পাশ দিয়ে বেড়বাঁধ পর্যন্ত ১ কি.মি, আজম রোড় হতে নাপিতপাড়া পর্যন্ত ১.৫কি.মি, আজম রোড় হতে নয়াকাটা শেষ সীমানা পর্যন্ত ১কি:মি । ইউনিয়নের ২নং ওয়ার্ডে আজম সড়ক হতে মুজ্জালিয়াপাড়া ২ কি.মি, আজমসড়ক হতে চুল্লারপাড়া হতে এন হোসাইন প্রাথমিক বিদ্যালয় পযর্ন্ত ১.৫ কি.মি, আজম সড়ক হতে কালামারপাড়া ও চুল্লারপাড়া পযর্ন্ত ২ কি.মি, আজম সড়ক হতে ওয়াজ্জ্যারপাড়া বেড়ীবাঁধ পর্যন্ত ২কি.মি., আজম সড়ক হতে দক্ষিন নাপিতপাড়া সড়ক পর্যন্ত ১.৫ কি.মি । ইউনিয়নের ৩ নং ওয়ার্ডে আজিজিয়া রাস্তা হতে পশ্চিমে ঠান্ডাবাপের বাড়ী পর্যন্ত .৫ কি.মি, আজম সড়ক হতে ব্র্যাক সেন্টার হয়ে নাপিতপাড়া পর্যন্ত ২ কি.মি., আজম সড়ক হতে দক্ষিণেমনছুর আলীপাড়ার মসজিদ পর্যন্ত ১ কি.মি, আজম সড়ক হতে দক্ষিণে পাড়ার শেষ সীমানা পর্যন্ত ১ কি.মি । উত্তর ধুরং ইউনিয়ন ৪নং ওয়ার্ডেবাঘখালী হতে ছাদেরঘোনা পর্যন্ত ১ কি.মি, এম রহমান স্কুল হতে বাঘখালী সড়ক পর্যন্ত ২ কি.মি, বাইঙ্গাকাটা সড়ক হতে নাপিতপাড়া পর্যন্ত পর্যন্ত ১.৫ কি.মি, নাপিতপাড়া সড়ক হতে মুছা সিরাজ স্কুল পর্যন্ত ১.৫ কি.মি, সিকদার দোকান হতে আকবরবলীর জেটি পর্যন্ত ২কি.মি, বাঙ্গাকাটা সড়ক হতে চন্দন মাঝির বাড়ী হতে নাপিতপাড়া পর্যন্ত ২ কি.মি । উত্তর ধুরং ইউনিয়ন ৫ ও ৬নং ওয়ার্ডে বাইঙ্গাকাটা হতে মোয়াজ্জারপাড়া পর্যন্ত ২কি.মি, আজমরোড় হতে গাউছিয়া মাদ্রাসা পর্যন্ত ৩কি.মি, উত্তর ধুরং ইউনিয়ন ৭নং ওয়ার্ডে আজমরোড় হতে বেড়ীবাধ পর্যন্ত ৫ কি.মি, মিয়াকাটা হতে বেড়ীবাঁধ ২ কি:মি, নয়াপাড়া হতে বেড়ীবাঁধ ৩ কি:মি:, আজম রোড় হতে সিরাজ্যাবাপের পাড়া দিয়ে কুইল্যারপাড়া পর্যন্ত ২ কি:মি:, আজম রোড় হতে মদন মিয়াজিরপাড়া ও হায়দারপাড়া সড়ক পর্যন্ত ২ কি.মি । ইউনিয়নের ৮নং ওয়ার্ডে আমিরা পাড়া ও হায়দারপাড়ার আজম সড়ক হতে পশ্চিমে বেড়ীবাধ পর্যন্ত ৪ কি.মি । ইউনিয়নের ৯নং ওয়ার্ডে বাইঙ্গকাটা সড়ক হতে মনজানাবাপেরবাড়ী পর্যন্ত .৫ কি.মি, ফজলকরিম রাস্তা হতে মাদ্রাসা পর্যন্ত ১কি.মি, আমান উল্লাহ বাড়ী হতে সিরাজ্যাপাড়া পর্যন্ত ১কি.মি., কুইল্লারপাড়া হতে ধুরং বাজার পর্যন্ত ১ কি.মি, ধুপীপাড়া হতে ধুরং বাজার পর্যন্ত .২৫কি:মি:, আজম রোড় হতে তেয়িাকাটা পর্যন্ত ১কি.মি., বাইঙ্গাকাটা সড়ক হতে কুইল্যারপাড়া দিয়ে লেমশীখালী পর্যন্ত ১.৫ কি.মি । বন্যা ও জলোচ্ছাসের ফলে কাঁচা অর্ধপাকা রাস্তাগুলো ক্ষতিগ্রস্ত হয় ।

দক্ষিণ ধরং ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ২৮টি, যার দৈর্ঘ্য প্রায় ৫৬.৫কিঃমিঃ। এই ২৮টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৫টি, যার দৈর্ঘ্য ১১.৫ কিঃ মিঃ। ১৩টি কাঁচা রাস্তা, যার দৈর্ঘ্য প্রায় ২৭কিঃমিঃ এবং ১০টি আধা পাকা রাস্তা আছে, যার দৈর্ঘ্য প্রায় ১৮ কিঃমিঃ । পাকা ও কাচাঁ রাস্তা ও আধাপাকা গুলো হলো ইউনিয়নের ধুরং বাজার হতে ধুরং ঘাটা পর্যন্ত ৫.৫ কি.মি, আজম সড়ক হতে দরবার ঘাট পর্ডন্ত ৫ কিমি, পুরাতন লাইট হাউস রাস্তা হইয়া উত্তরে জেলে পাড়া পর্যন্ত ১কি: মি:, পুরাতন লাইট হাউস রোড ধুরং বাজার হতে পশ্চিম পুরাতন লাইট হাউস পর্যন্ত, ভাইয়া মস্তাফিজ মাস্টারের বাড়ী ও মদন্যার পাড়া সাইক্লোন সেন্টার হইয়া পশ্চিম ওয়াপদা বেড়ীবাঁধ পর্যন্ত ৬ কি:মি, সিকদার পাড়া রাস্তা সিকদার পাড়া জাফর মাস্টারের বাড়ী হইতে আকবর শাহ্ রোড পর্যন্ত ভাইয়া পূর্ব ধুরং প্রাইমারী স্কুল অনাখালী টেইলা ও ছিদ্দিক আহম্মদ বাড়ী হতে উত্তরে আকবর শাহ্ রোড পর্যন্ত ২কিঃমিঃ, আলী ফকির ডেইল রাস্তা-দক্ষিণ ধুরং ইউনিয়নের দক্ষিণ সীমানা বিন্দা পাড়া হইতে উত্তরে পুরাতন লাইট হাউস রাস্তা পর্যন্ত, লিয়াকত আলী মেম্বার বাড়ী ও শুকলাল পাড়া হইতে উত্তরে হাজী ফজল আহম্মদের বাড়ী পাশে পুরাতন লাইট হাউস রাস্তা পর্যন্ত ৪কি:মি:, আকবর শাহ্ রাস্তা আলী ফকির ডেইল হতে পূর্ব শাহী রোড পর্যন্ত, পূর্বে

ছালে আহম্মেদর বাড়ী সাইক্লোন সেন্টার ও নয়া পাড়া হয়ে শাহী রোড পর্যন্ত ৩.৫কিঃমি, নুরার পাড়া রাস্তা পূর্বে নাছির উদ্দীন বাড়ী হইয়া পশ্চিমে শুকলাল পাড়া, আলী ফকির ডেইল রাস্তা পর্যন্ত ভাইয়া আজম রোড নুরার পাড়া কালামের বাড়ী ও কবর স্থান হইয়া শুকলাল পাড়া, আলী ফকির ডেইল রাস্তা পর্যন্ত ২কি: মি:, পূর্বে শাহী রোড হইতে পশ্চিমে আজম রোড পর্যন্ত ভাইয়া বরই তলি পাড়া ও শামশু সওদগরের বাড়ী হইয়া আজম রোড ২কি: মি:, বেদ্যার পাড়া রাস্তা দক্ষিণ নুর ছৈয়দের বাড়ী হইয়া পশ্চিমে আজম রোড ভাইয়া শাহী রোড বরই তলি পাড়া ও শাহআলম সিকদার পাড়া হইয়া পশ্চিম আজম রোড ২কি: মি:, আশা হাজী পাড়া রাস্তা আলী ফকির ডেইল পশ্চিমে বেড়ী বাধ ও ভাইয়া সাইক্লোন সেন্টার ও ওয়াবদা বেড়ী বাধ ১কি: মি:, কালা চান পাড়া রাস্তা, ধুরং বাজার পুকুর হইতে পশ্চিমে ওয়াবদা বেড়ী বাধ পর্যন্ত ২কি: মি:, মশরফ আলী বলি পাড়া রাস্তা, ডিংগা ভাঙ্গা বাজার আজম রোড হইতে হায়দার আলী মিয়াজির খাল উত্তরে আকবর শাহ্ রাস্তা পর্যন্ত ২.৫কি: মি:, সিকদার পাড়া মসজিদ পুকুর হইতে উত্তরে মুজিব কিল্লা পর্যন্ত ১কি: মি:, ধুরং কাচা রাস্তা দক্ষিণে অয়নাখালী টেইলা সিকদার পাড়া রাস্তা হইতে উত্তরে পাইলট কাটা খালে র ব্রীজ পর্যন্ত ভাইয়া সাইক্লোন সেন্টার উত্তরে খালের ব্রীজ পর্যন্ত ১কি: মি:, নাপিতপাড়া রাস্তা ও তহসিল অফিসের পাড়া আযাদ রোড পশ্চিমে কালাচাঁদ পাড়া রাস্তা ভাইয়া ভিন্দা মহাজনের বাড়ী হইয়া কালা চাদ পাড়া পর্যন্ত ২কি:মি । সিকদার পাড়া পূর্বে আজম রোড হতে হায়দার মিয়াজির খালের দক্ষিণ পাড় হইয়া আজম রোড ১কি: মি:, ধুরং বাজার হইতে কমিউনিটি সেন্টার ১কি:মি:, বাবুলের বাড়ী হইতে নুরারবর বাড়ী পর্যন্ত ১কি: মি: ।

লেমশীখালী ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ১৯টি, যার দৈর্ঘ্য প্রায় ৪৭.৫কিঃমিঃ। এই ২৯টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৩টি, যার দৈর্ঘ্য ৮কিঃ মিঃ। ৯টি কাঁচা রাস্তা, যার দৈর্ঘ্য প্রায় ২৯কিঃমিঃ এবং ৭টি আধা পাকা রাস্তা আছে, যার দৈর্ঘ্য প্রায় ১০.৫ কিঃমিঃ । পাকা ও কাচাঁ রাস্তা ও আধাপাকা গুলো হলো লেমশীখালী ইউনিয়নের মুন্সি মিয়াজির পাড়া রাস্তা মিরাখালী রোড় হতে মুন্সিমিয়াজিরপাড়া পর্যন্ত ১ কিমি, মিরাখালী রোড় হতে সাইক্লোন সেল্টার পর্যন্ত ১ কিমি., আশাহাজীপাড়া রাস্তা সেন্টার হতে গাইনাকাটা পর্যন্ত ১ কিমি., মিরাখালী হতো লুৎপারপাড়া উত্তর সীমানা পর্যন্ত ১কিমি., মিরাখালী রোড় হতে ধোপীপাড়া কালী মন্দির পর্যন্ত ১ কিমি., মিরাখালী রোড় হতে জাহেলিয়াপাড়া রোড় পর্যন্ত ১ কিমি, মন্দির হতে গাইনাকাটা রোড় পর্যন্ত ১ কিমি., সেন্টার রোড় হতে মন্দির পর্যন্ত .৫ কিমি., পূর্ব লেমশীখালী প্রাথমিক বিদ্যালয় রাস্তা দরবার রোড় হতে বিদ্যালয় পর্যন্ত১ কিমি., আনুবাপের পাড়া জমে মসজিদ রাস্তা দরবার রোড় হতে মসজিদ পর্যন্ত ১ কিমি., পিয়ারাকাটা রাস্তা বেড়ীবাধ হতে আশাহাজী পাড়া পযর্ন্ত ১ কিমি., ধুপীপাড়া রাস্তা দক্ষিন করলাপাড়া হতে পুর্বে বেড়ীবাধ পযর্ন্ত ১.৫ কিমি, নয়াপাড়া হতে ফজরিয়া প্রাথমিক বিদ্যালয় ১ কিমি., কোন পাড়া হতে জাইল্যাপাড়া পযর্ন্ত এবং বেড়ীবাঁধ হতে জরিয়া জামে মসজিদ পর্যন্ত ২ কিমি., বেড়ীবাধ হতে রেজাউল করিমের বাড়ী পর্যন্ত ১ কি.মি., বেড়ী বাধ হতে পশ্চিমে সোকলালপাড়া পর্যন্ত ১কিমি., বেড়ী বাধ হতে পশ্চিমে হইশ্যাপাড়া পর্যন্ত ১ কিমি., তহলীপাড়া হতে **গাইনাকাট** রাস্তা ৩ কিমি,

কৈয়ারবিল ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ২২টি, যার দৈর্ঘ্য প্রায় ৩৬কিঃমিঃ। এই ২২টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৩টি, যার দৈর্ঘ্য ১০কিঃ মিঃ। ১১টি কাঁচা রাস্তা, যার দৈর্ঘ্য প্রায় ১২কিঃমিঃ এবং ৮টি আধা পাকা রাস্তা আছে, যার দৈর্ঘ্য প্রায় ১৪কিঃমিঃ । পাকা ও কাচাঁ রাস্তা ও আধাপাকা গুলো হলো কৈয়ারবিল ইউনিয়নের মাষ্টর আহমদউল্লাহ সড়ক সেন্টার রোড় হতে সাইক্লোন সেন্টার পর্যন্ত ১.৫ কিমি, বিন্দারপাড়া রাস্তা পশ্চিমের বেড়ীবাঁধ হতে বিন্দাপাড়া পর্যন্ত ১.৫ কিমি,
নাজিরপাড়া রোড় হন্দার পাড়া হতে মহাজন রোড় পর্যন্ত ১.৫ কিমি., আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি, সেন্টার রোড় হতে বালিকা মাদ্রাসা রোড় ১.৫ কিমি., আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫কিমি, আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., হাজী এলাহদাদ মিয়া রাস্তা আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি, সমিতি রোড় আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., কৈলস্যাঘোনা রাস্তা/কিল্লার রাস্তা আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., ব্রীজ রাস্তা আজম রোড় হতে পুর্বে ঘোনা পর্যন্ত ১.৫ কিমি., পরান সিকদারপাড়া রোড় আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., পরান সিকদারপাড়া নতুন রাস্তা আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., ইসলামিয়া সমিতিরপাড়া রাস্তা আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত১.৫ কিমি., কৈয়ারবিল -লেমশীখালী সড়ক আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., সৈকত(মেম্বার শওকতআলী) রাস্তা আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫কিমি, ঘিলাছড়ি রাস্তা আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫কিমি., ক্রসডেম রোড়, আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., চেয়ারম্যান রোড় আজম রোড় হতে পশ্চিমের বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., নজরআলী মাতব্বার রোড় আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি., মিয়াজিরপাড়া রাস্তা আজম রোড় হতে পুর্বে বেড়ীবাঁধ পর্যন্ত ১.৫ কিমি. ।

বড়ঘোপ ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ২৯টি, যার দৈর্ঘ্য প্রায় ৩৭কিঃমিঃ। এই ২৯টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ১১টি দৈর্ঘ্য ১৫কিঃমিঃ। ১০টি কাঁচা রাস্তা যার দৈর্ঘ্য প্রায় ১২কিঃমিঃ এবং ৮টি আধা পাকা রাস্তা আছে, যার দৈর্ঘ্য প্রায় ১০কিঃমিঃ । বড়ঘোপ ইউনিয়নের পাকা ও কাচাঁ রাস্তা ও আধাপাকা গুলো হলো বড়ঘোপ ঘাট হতে পশ্চির বড়ঘোপ বাজার পযর্ন্ত ৪ কিমি., বড়ঘোপ-লেমশীখালী সড়ক (কলেজ রোড়) বড়ঘোপ বাজার হতে কুতুবদিয়া কলেজ হয়ে লেমশীখালী চৌমহনী পর্যন্ত ৬কি.মি., হাসপাতাল সড়ক,কলেজ রোড়, উত্তর বড়ঘোপ মসজিদ রোড়, ছৈয়দ মাজির রাস্তা আজম সড়ক হতে বেড়ীবাধঁ ৪কিমি., ডিসি রোড় হতে মগডেইল পর্যন্ত ১ কিমি., মাতব্বরপাড়া হতে মগডেইল পর্যন্ত ১ কিমি, ষ্টেশন রোড় হতে মাতব্বপাড়া পর্যন্ত ১ কিমি. রুমাইপাড়া হতে মগডেইল ব্রীজ পর্যন্ত ১.৫ কিমি., ঘোনার মূখ হতে মগডেইল পর্যন্ত .৫ কিমি., রুমাইপাড়া মসজিদ হতে বেড়ীবাঁধ পর্যন্ত ১ কিমি., আজম সড়ক হতে মধুপুকুর পর্যন্ত ১

কিমি., আমজাখালী হতে মোরালিয়া পর্যন্ত ১ কিমি., মগডেইল হতে পূর্ব বেঁড়ীবাধ পর্যন্ত ১ কিমি, মসজিদ হতে পূর্ব বেড়ীবাধ পর্যন্ত ১ কিমি., মগডেইল হতে সুলতানা মার্কেট ১ কিমি., বিদ্যুৎ রোড় হতে আমজাখালী পর্যন্ত ১ কিমি., মগডেইল হতে কমিউনিট সেন্টার হয়ে মিয়ারপাড়া পর্যন্ত ১.৫কিমি., চানগাজী হতে পশ্চিমে নুর আহমদের বাড়ী পর্যন্ত .৫ কিমি, ফতেআলী মাতব্বর পাড়া হতে বেড়ী বাধ পর্যন্ত .৫ কিমি., মোরালিয়া প্রাথমিক বিদ্যালয়ের পাশ হতে বেড়ীবাঁধ পর্যন্ত ১ কিমি., গোলজার পাড়া হতে মিয়ার ঘোনা এবং বদইয়ারপবাপের পাড় পর্যন্ত ২ কিমি., বদইয়া পাড়া মসজিদ হতে রিয়াজুপাড়া এবং কলেজ হতে বিদ্যুৎ মার্কেট ২কিমি., কলেজ রোড় হতে মনোহরি প্রাথমিক বিদ্যালয় হয়ে বদইয়া পাড়া পর্যন্ত ১.৫ কিমি, আজম রোড় হতে মনোহরিপাড়া পর্যন্ত ১কিমি., আজম রোড় হতে বেড়ীবাধ পর্যন্ত এবং হেদায়ত আলী মাতব্বপাড়া হতে কলেজ পর্যন্ত ২.৫ কিমি., বাংলা লিং টাওয়ার হতে আরব সিকদারপাড়া পর্যন্ত ১.৫কিমি, উপজেলা গেইট হতে আরব সিকদার পাড়া বিদ্যুৎ মার্কেট হতে কলেজ পর্যন্ত ১কিমি., গোলজার পার হতে আরব সিকদারপাড়া পযর্ন্ত ১কিমি. ।

আলী আকবর ডেইল ইউনিয়নে মোট রাস্তার সংখ্যা ১৬টি, যার দৈর্ঘ্য প্রায় ৩৪কিঃমিঃ। এই ১৬টি রাস্তার মধ্যে পাকা রাস্তার সংখ্যা ৪টি দৈর্ঘ্য ১২কিঃমিঃ। ৭টি কাঁচা রাস্তা যার দৈর্ঘ্য প্রায় ১৪কিঃমিঃ এবং ৫টি আধা পাকা রাস্তা আছে, যার দৈর্ঘ্য প্রায় ৮কিঃমিঃ । আলী আকবর ডেউল ইউনিয়নে পাকা ও কাচাঁ রাস্তা ও আধাপাকা গুলো হলো বড়ঘোপ বাজার হতে শান্তি বাজার আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ পর্যন্ত ৭কিমি., কিরন পাড়া রাস্তা, কাহারপাড়া রাস্তা, চৌধুরীপাড়া রাস্তা কিরন পাড়া হতে সাইটপাড়া হতে কাহারপাড়া ও চৌধুরীপাড়া হতে কিরন পাড়া হতে সাইটপাড়া পযর্ন্ত ৩কিমি., ঘাটকুলপাড়া হতে নতুপাড়া বেড়ীবাধ পর্যন্ত ১কিমি., কালুয়ারডেইল হতে নাছিমার ডেইল ও ফতেআলী সিকদারপাড়া হতে কালুয়ারডেইল পর্যন্ত ২কিমি., কাজীরপাড়া হতে য়াহাট কুলাপাড়া বাজার রাস্তা পর্যন্ত এবং কান্তি বাজার হতে হতে খুদিয়ার টেক পর্যন্ত ৩কিমি., চৌধুরী পাড়া হতে নয়াহাটকুলাপাড়া বাজার অর্থাৎ আলী আকবর ঘাট পর্যন্ত ৩কি:মি., আজম সড়ক হতে সন্দীপিপাড়া পযর্ন্ত মশরফআলী সিকদারপাড়া ও পুতিন্যারপাড়া সংযোগ সড়ক পর্যন্ত ৩কিমি., আজম সড়ক হতে পূর্বে তাবালেরচর পর্যন্ত ২কিমি., পুর্বে বেড়ীবাধ হতে পশ্চিমে বেড়ীবাধ পর্যন্ত ২কিমি., তাবালেরচর রাস্তা পুর্বে বেড়ীবাধ হতে পশ্চিমে বেড়ীবাধ ও টেকপাড়া রাস্তা তবালেচর হতে টেকপাড়া হয়ে পশ্চিম চরপাড়া পর্যন্ত এবং চরপাড়া রাস্তা পুর্বে বেড়ীবাধ হতে পশ্চিমে বেড়ীবাধ পর্যন্ত ৩কিমি. ।

সেচ ব্যবস্থাঃ

সেচ কাজে ব্যবহারের জন্য উপজেলায় গভীর নলকুপ সংখ্যা : ৩ টি এবং অগভীর নলকুপ : ৮টি আলী আকবর ডেইল গভীর নলকুপ ১টি, অগভীর নলকুপ বা সেলু টিউবয়েল ৮টি এবং লেমশীখালী ইউনিয়নে ২টি গভীর নলকুপ আছে। বিদুৎ না থাকায় সেচ কাজের জন্য এখানে বিদ্যুৎ চালিত এবং ডিজেল চালিত নলকুপ বা পাওয়ার পাম্প ব্যবহার নেই। উপজেলায় ক্ষেত-খামারের কাজে কুয়া, ছোট-বড় পুকুরের পানি সেচ কাজে ব্যবহার করে কৃষককেরা চাষাবাদ করে ।

হাটবাজারঃ

সমগ্র কুতুবদিয়া উপজেলায় হাট বসে শুধুমাত্র বড়ঘোপ বাজার ও ধুরং বাজারে । উক্ত বাজারে সপ্তাহে ২দিন করে বাজার বসে। উপজেলার ৬টি ইউনিয়নের জনসাধারণ উক্ত ২টি বাজারে হাটের দিন বাজার করে তাদের সাপ্তাহিক চাহিদা মেটায়। উক্ত উপজেলায় মোট ৯টি ছোট বড় হাট বাজার রয়েছে। নিম্নে ইউনিয়ন ভিত্তিক হাট ও বাজারের বিস্তারিত তথ্য প্রদান করা হলো ঃ

ইউনিয়ন	বাজারের নাম	কবে হাট বসে	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	মন্তব্য
উত্তর ধূরং	উত্তর ধুরং ঘাট বাজার	হাট বসে	২০টি	না	
	আকবরবলীর ঘাট	হাট বসে না	১৫টি	না	
দক্ষিণ ধুরং	ধুরং বাজার	শনিবার ও মঙ্গলবার	৭০০টি	হ্যাঁ	ধূরং বাজার উপজেলার বিখ্যাত বাজার উক্ত বাজারে উত্তর ধূরং, দক্ষিন ধূরং, লেমশীখালী এবং কৈয়ারবিল ইউনিয়নে জনগন এই বাজারে হাট-বাজার করে থাকেন।
	দরবার হাট	হাট বসে না	১৫০	হ্যাঁ	
লেমশী খালী	দরবার ঘাট বাজার	হাট বসে না	২১টি	নাই	
	চৌমুহনীবাজার	হাট বসে না	৬০টি	নাই	
বড়ঘোপ	বড়ঘোপ বাজার	শুক্রবার ও সোমবার	**৬০০টি**	**হ্যাঁ**	বড়ঘোপ উপজেলার সদরে হওয়ায় বাজারটি গুরুত্ব বেশী। উক্ত বাজারে বড়ঘোপসহ আলী আকবরডেইল এবং কৈয়ারবিল ইউনিয়নে জনগন এই বাজারে হাট-বাজার করে থাকেন।
	বিদ্যুৎ মার্কেট	হাট বসে না	৭০টি	হা	
আলী	শান্তিবাজার	হাট বসে না	২০টি	হা	
	তাবলেরচরবাজার	হাট বসে না	২০টি	না	

ইউনিয়ন	বাজারের নাম	কবে হাট বসে	দোকান সংখ্যা	সমিতি আছে কিনা	মন্তব্য
আকবর ডেইল	ঘাট ঘরবাজার	হাট বসে না	৭০টি	হ্যাঁ	
	নাছিয়ারপাড়া বাজার	হাট বসে না	১৫টি	না	

সামুদ্রিক জলোচ্ছাস	১৯৬০	ফসলি জমি, ধান,লবন, চিংড়ী ঘের : ৪০০ একর বনভুমি : সমগ্র প্যারাবন ক্ষতিগ্রস্থ পরিবার : সমগ্র পরিবার ক্ষতিগ্রস্থ	ঘরবাড়ী, রাস্তা, বেড়ী বাঁধ, সহায়ক প্রানী, গবাদি পশু, ফসলিজমি, ধান, লবন, চিংড়ী চাষ, বিভিন্ন প্রতিষ্ঠান, বনভুমি, ক্ষতিগ্রস্থ হয়

দক্ষিণ-পশ্চিমে বেড়ীবাঁধ না থাকায় আলী আকবর ডেইল দক্ষিণ বিল ও তাবালেরচরে প্রতি বছর বর্ষা মৌসুমে লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১০২৫ একর ফসলী জমিতে চাষাবাদ করা সম্ভব হচ্ছে না।

২.২ উপজেলার আপদ সমুহ :

ক্রমিক নং	আপদ	ক্রমিক নং	অগ্রাধিকার
০১.	ঘুর্নিঝড়/ টর্নেডো	০১.	ঘুর্ণিঝড় / টর্নেডো
০২.	সামুদ্রিক জলোচ্ছাস/জোয়ার পানি	০২.	সামুদ্রিক জলোচ্ছাস/জোয়ার পানি
০৩.	জোয়ারের পানি দ্বারা উপকূল ভাঙ্গন	০৩.	জোয়ারের পানি দ্বারা উপকূল ভাঙ্গন
০৪.	কালবৈশাখী	০৪.	জলাবদ্ধতা
০৫.	জলাবদ্ধতা	০৫.	লবনাক্ততা
০৬.	সুনামী	০৬.	সুনামী
০৭.	লবনাক্ততা	০৭.	কালবৈশাখী

২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ও ভবিষ্যত চিত্র বিস্তারিত বর্ণনাঃ

ঘুর্ণিঝড় ও টনার্ডোঃ এ অঞ্চলে বসবাসকারী মানুষের কাছে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস সর্বাপেক্ষা বড় আপদ। ১৯৯১ সালের ২৯ এপ্রিল এ অঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া ঘূর্ণিঝড় এখনো স্থানীয় অধিবাসিদের কাছে একটি বিভীশিকাময় স্মরণীয় অধ্যায়। স্বজন হারানোর বেদনা এখনো তাদেরকে তাড়িয়ে বেড়ায়। ১৯৬০ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত যে ৪০টি ঘূর্ণিঝড় বাংলাদেশকে আঘাত হানে তার ৯০% এরও বেশির ক্ষতিকর প্রভাব পড়ে কুতুবদিয়ার উপর। গত দশকে ১৯৯১ এর ২৯ এপ্রিল, ১৯৯৪ এর ২রা মে, ১৯৯৫ সালের ১৫ মে, ১৯৯৭ সালের ১৯ মে ও ১৯৯৮ সালে ২০মে, ২০০১ সালের, ২০০৪ সালের ১৫ মে ও ২০০৭ সনের ১৪ মে কুতুবদিয়ার উপর দিয়ে ঘূর্ণিঝড় প্রবাহিত হয়। এতে অনেক পরিবার তাদের আত্বীয়-স্বজন হারিয়েছেন, অনেকে বেঁচে থাকার সম্বল হারিয়েছেন। কুতুবদিয়ায় ঘটে যাওয়া বিভিন্ন ঘূর্ণিঝড়ে ১৬০কিঃমিঃ এর বেশি বাতাসের গতিবেগ লক্ষ্য করা গেছে। সাইক্লোনের প্রচন্ড গতির টানে বিরাট জলরাশিসহ সমুদ্র উপকুল এবং কুতুবদিয়া দ্বীপের উপর দিয়ে অতিক্রম করে সবকিছু ভাসিয়ে নিয়ে যায়। এ জলোচ্ছাসে ৪ ফুট থেকে ৩০ ফুট পর্যন্ত পানির উচ্চতা ছিল । (সূত্র পিআইও দপ্তর, সিপিপি, মূল তথ্য প্রদানকারীর স্বাক্ষাৎকার)

সামুদ্রিক জল্লোচ্ছাস/জোয়ারের পানিঃ উপজেলার আলী আকবর ডেইল পূর্ব, দক্ষিন-পশ্চিমে তাবালেরচর, কাহারপাড়া, কাজিরপাড়া, তেলিপাড়া, হায়দারপাড়া এলাকায় সমুদ্রের নিম্নচাপ, অমবশ্যা পূর্ণিমার জোয়ার এবং বর্ষার সময় ৪ থেকে ৭ ফুট পানি উঠে। স্বাভাবিক জোয়ারের কারনে প্রতিবছর বর্ষা মৌসুমে উপকুলীয় গ্রাম গুলোতে জোয়ারে পানি ঢুকে তলিয়ে যায়। ২০১২-১৩ সালে আষাঢ় মাসে কয়েকদিনের টানা প্রবল বর্ষনের কারনে উপজেলার বেড়ী বাধ গুলো ক্ষতি গ্রস্ত হয় সেই কারনে সমগ্র এলাকা জোয়ারের পানিতে প্লাবিত হয়ে ফসল ও প্রাকৃতিক সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয়। প্রাকৃতিকভাবে সৃষ্ট সাইক্লোন, টর্নেডো, জলোচ্ছাস, লবনাক্ততা, জোয়ারের পানির প্রবেশ প্রভৃতি কারণে মানুষের ক্ষয়ক্ষতির মাত্রা অনেক গুনে বাড়িয়ে দেয়। তাছাড়া বসতি এলাকা জোয়ারের পানি দ্বারা প্লাবনের কারণে কুতুবদিয়ার মানুষের বসতি বিপদাপন্নতা বেড়ে যায় এবং আরো নতুন আপদের সৃষ্টি হয়।

জোয়ার পানিতে উপকুল ভাঙনঃ উপজেলার আলী আকবর ডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, উত্তরধুরং নিম্নাঞ্চল এলাকায় সমুদ্রের নিম্নচাপ, অমবশ্যা পূর্ণিমার জোয়ার এবং বর্ষার সময় ৪ থেকে ৮ ফুট পানি উঠে। স্বাভাবিক জোয়ারের কারণে প্রতিবছর বর্ষা মৌসুমে উপকুলীয় গ্রাম গুলোতে জোয়ারে পানি ঢুকে তলিয়ে যায়। ২০১২-১৩ সালে আষাঢ় মাসে কয়েকদিনের টানা প্রবল বর্ষনের কারনে উপজেলার বেড়ী বাধ গুলো ক্ষতি গ্রস্ত হয় সেই কারনে সমগ্র এলাকা জোয়ারের পানিতে প্লাবিত হয়ে ফসল ও প্রাকৃতিক সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয় অনুরূপ ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস সংঘটিত হলে এলাকার অধিবাসীদের স্বাভাবিক জীবনধারা মারাত্বকভাবে ব্যাহত হবে।

কালবৈশাখীঃ কুতুবদিয়া উপজেলা বঙ্গোপসাগরের বুকে হওয়ায় প্রতি বছর চৈত্র-বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে নিম্নচার, লঘুচাপ কিংবা টর্ণেডোর/কালবৈশাখী ঝড়ো দমকা হাওয়া উপকুলীয় উপজেলার উপর দিয়ে বয়ে যায়। উপজলার অধিকাংশ ইউনিয়নের জনগণ গরীব হওয়ায় দূর্বল ঘরবাড়ী, অবকাঠামো ক্ষতিহয়। জলাবায়ু পরিবর্তনের ফলে আগামীতে অঞ্চলের সামুদ্রিক ঝড়ে প্রবনতা আরো বৃদ্ধি পেতে পারে। এতে অপরিকল্পিত বসতভিটা কালবৈশাখী সহনীয় নয়, বড় আকারে কালবৈশাখী হলে বা আঘাত হানলে ব্যাপক ক্ষয়ক্ষতির আশংকা রয়েছে।

লবনাক্ততা-কুতুবদিয়া উপজেলায় লবনাক্ততা একটি আপদ। লবনাক্ততার মাদত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পৌষ মাস থেকে জৈষ্ট মাস পর্যন্ত লবনাক্ততার মাত্রা ব্যাপক থাকে। বর্ষার সাথে সাথে লবনাক্ততার মাত্রা ধীরে ধীরে কমতে থাকে। শুষ্ক মৌসুমে লবনাক্ততা কৃষিক্ষেত্রে ব্যাপক

ক্ষতি সাধন করে থাকে। লবনাক্ততা বৃদ্ধির ফলে এলাকঅয় খাবার পানির সংকট দেখা দেয়। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির ফলে ফসলের জমিতে লবনাক্ততা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। মূলত: চিংড়ি ঘেরের মালিকেরা চিংড়ি চাষের জন্য এলাকায় লবনাক্ততা অনুপ্রবেশ ঘটাচ্ছে। তাছাড়া পর্যাপ্ত ভেড়ী-বাঁধ না থাকায় জলোচ্ছাসের সময় এলাকা প্লাবিত হয়ে লবনাক্ততা প্রবেশ ঘটছে। বিশেষভাবে আলী আকবর ডেইল, দক্ষিণ ধূরং ইউনিয়নে এর প্রভাব বেশী। এলাকায় দিন দিন লবনাক্ততা বৃদ্ধির ফলে বোরো ও আউস ধান চাষ করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। সাথে সাথে ফলদ, বনজ সম্পদ ও খাবার পানির সংকট দেখা দিচ্ছে। এই ধারাবাহিকতা অব্যাহত থাকলে ভবিষ্যতে শুষ্ক মৌসুমে কৃষি ব্যাপক ক্ষতিগ্রস্থ হবে। প্রতি বছর লবনাক্তোতা থাকলেও ২০০৬ সালে তীব্র লবন অনুভুত হয়।

জলাবদ্ধতা ঃ জেলার অধিকাংশ উপজেলার ভুমি উঁচু ফলে দীর্ঘ মেয়াদী বন্যার সৃষ্টি হয় না। তবে অতি বৃষ্টির কারলে পাহাড়ী ঢলে অনেক স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হয়। বাঁধ নির্মাণ, গাইড ওয়াল নির্মাণ ও রাস্তার দু'পাশে বৃক্ষ রোপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ভবিষ্যতে ক্ষয়ক্ষতির মাত্রা কমে আসবে।

সুনামীঃ বাংলাদেশ এবং পার্শবতী অঞ্চল বিশ্লেষণ করলে দেখা যায় যে, এ এলাকাটি মাঝারী মাত্রার ভূমিকম্পের ঝুঁকিতে আছে। ভুমিকম্পের বিগত ইতিহাসে দেখা যায় যে, ১৯৯৭ সালে চট্টগ্রামে বৃহত্তম ভুমিকম্প হয়। ১৯৯৯ সালে ২২ জুলাই কুতুবদিয়ার উপজেলার পাশ্ববর্তী উপজেলা মহেশখালীতে মাঝারী ভু-কম্পন হয়। এতে ৭জনের মৃত্যু ও ২০০জন আহত ও অসংখ্য ঘরবাড়ী ভেঙ্গে পড়ে। এছাড়া ২০০৪ সালের ইন্দোনিশিয়ার সুনামীর কারণে কুতুবদিয়া উপজেলাতেও এর প্রভাব অনুভূত হয়। তবে মাঝারী আকারের ভূমিকম্প ও সুনামী হলে কুতুবদিয়া উপজেলা ব্যাপক ক্ষয়ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
সামুদ্রিক জলোচ্ছাস	• লবন মাঠ নষ্ট হয়, চাষ যোগ্যজমির ক্ষতি হয় • দক্ষিন-পশ্চিমে বেড়ীবাঁধ না থাকায় আলী আকবর ডেইল দক্ষিণ বিল ও তাবালেরচরে প্রতিবছর বর্ষা মৌসুমে লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১০২৫ একর ফসলী জমিতে চাষাবাদ করা সম্ভব হচ্ছে না।	• সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় তারা স্থানীয় পদ্বতিতে মাটিতে গর্ত করে লবন ও ধান সংরক্ষণ করে
ঘুর্ণিঝড়	• ঘরবাড়ী নষ্ট হয়। • ফসল নষ্ট হয়ে অর্থনৈতিক ভাবে দুর্বল হতে পারে। ফলে পেশা পরিবর্তন হতে পারে। • যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ে। • ফসলের ব্যাপক ক্ষতি হয়।	• ইউনিয়নে আশ্রয় কেন্দ্র আছে। • মুলত অধিকাংশ কৃষক লবন চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে।
জোয়ারের পানি দ্বারা উপকূল ভাঙ্গন	• ঘরবাড়ী নষ্ট হয়। • ফসলের ব্যাপক ক্ষতি হয়। • বেড়িবাধ ভেঙ্গে যায়। • চিংড়ি মাছের ঘের পানিতে তলিয়ে যায়। • ভূমির পরিমাণ কমে যাচ্ছে। • চাষ যোগ্যজমির ক্ষতি হয় ।	• আলী আকবর ডেইল, বড়ঘোপ, উত্তর ধূরং এলাকায় ৮.০৫ কিলোমিটার ব্লক দেয়া আছে। • দ্বীপের সর্বোচ্চ ২০ কিলোমিটার বেড়িবাধ রয়েছে। • বেড়িবাধেঁর উপর প্রায় ২৭৫ একর ঝাউবন রয়েছে যা জোয়ার পানিকে কিছুটা সহনীয় করে রাখে।
কালবৈশাখী	• ফসলের ব্যাপক ক্ষতি হয়। • ঘরবাড়ী নষ্ট হয়।	• আশ্রয় কেন্দ্র আছে। • মুলত অধিকাংশ কৃষক লবন চাষ এর উপর র্নিভরশীল হওয়ায় তারা ক্ষতি কাটিয়ে উঠতে পারে ।
জলাবদ্ধতা	• ঘরবাড়ী নষ্ট হয় • যোগাযোগ ব্যবস্থা ভেঙ্গে পড়ে • ফসলের ব্যাপক ক্ষতি হয়	• উঁচু এলাকা ও সমুদ্র উপকুলীয় এলাকা হওয়া পানি দ্রুত নেমে যায়।
লবনাক্ততা	• কৃষিজ ফসলের ক্ষতিগ্রস্ত হয়। • সুপেয় পানির দুস্প্রাপ্যতা বেড়ে যায়।	• দ্বীপের চারিদিকে বেড়িবাঁধ সহজে লবনের পানি প্রবেশের বাধা দিয়ে থাকে।

আপদ	বিপদাপন্নতা	সক্ষমতা
	• মাটির উর্বরতা নষ্ট হয়ে হয় ।	• বেড়িবাধের সুইচগেজ সঠিকভাবে নিয়ন্ত্রণ করে বি
সুনামী	• উচু জলোচ্ছাস সৃষ্টি হতে পারে । • বেড়ী বাঁধ ভেঙ্গে যেতে পারে । • প্লাবিত হয়ে ঘরবাড়ী ও জনবসাতির ব্যাপক ক্ষতি হতে পারে ।	• বেড়ীবাঁধ জলোচ্ছাসকে কিছুটা প্রতিরোধ করতে পারে । • আশ্রয় কেন্দ্রে নিরাপত্তার জন্য আশ্রয় নিতে পারে ।

২.৫ সবাধিক বিপদাপন্ন এলাকাঃ

আপদ	সর্বাধিক বিপদাপন্ন এলাকা	বিপদাপন্নের কারণ	বিপদাপন্ন জনসংখ্যা
সামুদ্রিক জলোচ্ছাস	✓ উপজেলার আলী আকবর ডেইল ইউনিয়নের খুদিয়ারটেক বিলীন হয়ে গেছে । ✓ এই ইউনিয়নের তাবালেরচর, কাহারপাড়া, কাজিরপাড়া, তেলিপাড়া, হায়দারপাড়া ✓ উত্তর ধূরং ইউনিয়নের ১, ২ ও ৫নং ওর্য়াড	বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়ায় এবং ৭১ নং ফোল্ডার বেড়ী বাঁধ বিগত ২০১২-১৩ সালে অতিবৃষ্ঠির ঢলে ভেঙ্গে যাওয়ার কারনে	২৫০০ পরিবার
ঘুর্ণিঝড়	✓ সমগ্র উপজেলা	দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় নয়	১,৩০,১০৮ জন
জোয়ারের পানি দ্বারা উপকূল ভাঙ্গন	আলী আকবর ডেইল ইউনিয়নের দক্ষিণ বিল ও তাবালেরচর	বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়ায় এবং আলী আকবর ডেইলের সীমানাস্থিত বেড়ী বাঁধ না থাকা,জলবায়ু পরিবর্তন জনিত কারণে সামুদ্রিক ঝড়,জলোসচ্ছাস বেশী হওয়ায়	সমগ্র ইউনিয়নের জনগন
কালবৈশাখী	সমগ্র ইউনিয়ন	দূর্বল অবকাঠামো ও অপরিকল্পিত বসতভিটা টর্নেডো/ ঘূর্ণিঝড় সহনীয় নয়	সমগ্র ইউনিয়নের জনগন
জলাবদ্ধতা	দক্ষিন-পশ্চিমে বেড়ীবাঁধ না থাকায় আলী আকবর ডেইল দক্ষিণ বিল ও তাবালেরচরে প্রতিবছর বর্ষা মৌসুমে লবনাক্ত পানি দ্বারা প্লাবিত হয় ফলে প্রায় ১০২৫ একর ফসলী জমিতে চাষাবাদ করা সম্ভব হচ্ছে না	রাস্তাঘাট উচু না থাক , খাল ভরাট হয়ে যাওয়ায় বর্ষা মৌসুমে গ্রাম গুলো পাবিত হয়	১০০০ পরিবার
লবনাক্ততা	আলী আকবর ডেইল, উত্তর ও দক্ষিণ ধূরণ ইউনিয়নের দক্ষিণ বিল ও তাবালেরচর এলাকা সর্বাধিক বিপদান্ন এলাকা হিসাবে গণ্য করা হয় ।	বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়ায় এবং আলী আকবর ডেইলের সীমানাস্থিত বেড়ী বাঁধ না থাকা সহজে সমুদের পানি প্রবেশ করার কারণে লবনাক্ততা বৃদ্ধি পেয়ে থাকে ।	সমগ্র উপজেলার প্রায় ২০০০ পরিবার
সুনামী	✓ উপজেলার আলী আকবর ডেইল ইউনিয়নের খুদিয়ারটেক বিলীন হয়ে গেছে । ✓ এই ইউনিয়নের তাবালেরচর, কাহারপাড়া, কাজিরপাড়া, তেলিপাড়া, হায়দারপাড়া ✓ উত্তর ধূরং ইউনিয়নের ১, ২ ও ৫নং ওর্য়াড	বঙ্গোপসাগরে সাথে লাগানো এলাকা হওয়ায় এবং ৭১ নং ফোল্ডার বেড়ী বাঁধ বিগত ২০১২-১৩ সালে অতিবৃষ্ঠির ঢলে ভেঙ্গে যাওয়ার কারনে	৩০০০ পরিবার

সর্বাধিক বিপদাপন্ন এলাকার মানচিত্র ঃ



২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমূহঃ

খাত	বিস্তারিত বর্ণনা	ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
কৃষি	▪ কুতুবদিয়া উপজেলায় প্রতিবছর বর্ষা মৌসুমে কৃষি ফসল ও শস্য উৎপাদন কম হয়ে থাকে শীত মৌসুমে বেশী হয় । ▪ উপজেলার আলীআকবর ড্রেইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ইউনিয়নে বিভিন্ন খাল দিয়ে লবণ পানি প্রবাহিত হয়ে প্রায় ৪০০০ একর জমির ৩৫% ফসল ও ১৫% সব্জি ক্ষেত সম্পূর্ণ বিনষ্ট যাওয়ার সম্ভাবনা আছে । ▪ প্রতিবছর জোয়ারের পানিদ্বারা প্রায় ১৩৪৯৬ একর জমির প্রায় ২৫% এবং লবনাক্ততার কারণে উপজেলার প্রায় ১০,০০০ একর জমির প্রায় ৩০% ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে । ▪ উপজেলার আলীআকবর ড্রেইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ইউনিয়নে বর্ষা মৌসুমে নিচু এলাকায় জলাবদ্ধতা হয়ে প্রায় ৪৫০০ একর জমির ৩৪% ফসল নষ্ট হয়ে যাওয়ার সম্ভাবনা আছে । ▪ উপজেলার ৬টি ইউনিয়নে ২০০ থেকে ২২০ কি:মি: বেগে ঘূর্ণিঝড় সংগঠিত হলে প্রায় ৬০% ফসলের ক্ষেত ধংস হয়ে যেতে পারে ।	▪ সুইচ গেইট গুলো সংস্কার ব্যবস্থা গ্রহন । ▪ খালের গভীরতা সৃষ্টি করার ব্যবস্থা গ্রহন । ▪ বেড়ীবাঁধ মজবুত করার মাধ্যমে জলাবদ্ধতা নিরসন করার উদ্যোগ নিতে হবে । ▪ বেড়ীবাঁধ মজবুত করা । ▪ খাল সমূহ সংস্কারের মাধ্যমে জোয়ারের পানি থেকে ফসল রক্ষা পেতে পারে । ▪ সরকারের কৃষি বিভাগ কর্তৃক জলাবদ্ধ এলাকায় বিকল্প ফসল ফলানোর উদ্যোগ নেয়া যেতে পারে । ▪ ঢলের পানি নদীতে বা খালে পতিত করার ব্যবস্থা করা । ▪ স্থানীয় সরকার ও সংশ্লিষ্ট দপ্তরের সমন্বয়ে খাল খনন এর উদ্যোগ গ্রহণ করা ।
শিক্ষা	▪ ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে ছাত্র ছাত্রীর পড়ালেখা সাময়িক বন্ধ হতে পারে । শিক্ষা ব্যবস্থার ৬০% ক্ষতি হতে পারে । অনেক ছাত্র ছাত্রীর লেখাপড়া সাময়িক ভাবে বন্ধ থাকতে পারে ।	▪ বেড়িবাঁধ নির্মাণ করা । ▪ শিক্ষা প্রতিষ্ঠানগুলো উচু স্থানে বা মজবুত ভাবে নির্মান করা । ▪ বৃক্ষ রোপনের ব্যবস্থা করা । ▪ খাল খননের ব্যবস্থা করা রাস্তা উঁচু করা । ▪ গাইড ওয়াল দেয়া । ▪ প্রয়োজনীয় ব্রীজ ও কালভার্ট নির্মাণ করা ।
যোগাযোগ	▪ ১৯৯১ইং সালের মত ২০০ থেকে ২২০ কি:মি: বেগে ঘূর্ণিঝড় সংগঠিত হলে উপজেলার আলীআকবর ড্রেইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ৬টি ইউনিয়নে ২০কিমি. বেড়ীবাধ ভেঙ্গে যেতে পারে । ▪ অতিবৃষ্টির কারলে নীচু এলাকা গুলোয় বর্ষা মৌসুমে প্রায় ২০ কিমি কাঁচা ও ৮ কি:মি ব্রিক সোলিং রাস্তা ডুবে গিয়ে যোগাযোগ ব্যাহত হয়ে ▪ উপজেলায় প্রতি বছর বর্ষা মৌসুমে বৃষ্টির কারণে প্রায় ৪৫ কি:মি: রাস্তা ভেঙ্গে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যেতে পারে । ▪ উপজেলার দক্ষিণ ধুরয়, লেমশী খালী , আলী আকবারডেইল এর নিম্নএলাকা সমূহ জলাবদ্ধতার ফলে ১০.৫ কি:মি: রাস্তা চলাচল অনুপযোগী হয়ে যেতে পারে । ▪ ১৯৯১ সালের মতো জলোচ্ছাস উল্লেখিত ঘুর্নিঝড়ের আঘাতে ক্ষতিগ্রস্ত এলাকা সমুদ্র জলোচ্ছাস দ্বারা ক্ষতি হতেপারে । বিশেষ করে তাবালের চর এলাকায় প্রায় ৫০ লক্ষ টাকার ক্ষতি হতে পরে	▪ রাস্তা উঁচু করে তৈরী করা ▪ যথাস্থানে গাইডওয়াল দেয়া । ▪ প্রয়োজনীয় কালভার্ট ও ব্রীজ নির্মাণ করা । ▪ পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা । ▪ বেড়িবাঁধ নির্মাণ ও সংস্কারের ব্যবস্থা করা । ▪ বৃক্ষ রোপন, ঝাউবন, প্যারাবন সৃষ্টির ব্যবস্থা করা
স্বাস্থ্য	▪ কুতুবদিয়া উপজেলায় উত্তর ধূরং, দক্ষিন ধূরং , লেমশী খালী, কৈয়ারবিল ইউনিয়নে পর্যাপ্ত নলকূপ না থাকায় ডায়রিয়া, আমাশয়, কলেরাসহ বিভিন্ন পানিবাহিত রোগ দেখা দিতে পারে ।	▪ স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা ▪ স্যানিটেশন বিষয়ে সচেতনতা বাড়ানো । ▪ দুর্যোগ ঝুঁকি হ্রাস করার জন্য ব্যাপক প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনা করা ।

খাত	বিস্তারিত বর্ণনা	ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
	▪ উপজেলার আলী আকবর ডেইল , উত্তর ধুরং, লেমশীখালী, কৈয়ার বিল ও বড়ঘোপ ইউনিয়নে লবণাক্ততা থাকলে পানীয় জলের অভাবে জনিত কারনে নানাবিধ রোগ বালাই দেখা দিতে পারে । ▪ উপজেলার আলীআকবর ড্েইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ৬টি ইউনিয়নে তাপমাত্রর বৃদ্ধির কারলে ডায়রিয়া এবং অন্যান্য রোগের কারণে প্রায় ৩০% লোক স্বাস্থ্যহানী ও ১% লোকের মৃত্যুর ঝুঁকি রয়েছে । ▪ উপজেলার লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং ইউনিয়নে জলাদ্ধতার কারণে পানি দূষণ হয়ে ২০% লোক ডায়রিয়া, আমাশয়, টাইফয়েড ও চর্ম রোগে আক্রান্ত হতে পারে ।	▪ পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা । ▪ পুরাতন সাইক্লোন সেল্টার সংস্কার করার উদ্যোগ গ্রহন
পরিবেশ	▪ উপজেলায়ব্যপকভাবে প্যারাবন নিধন, ঝাউবন নিধন, বসতবাড়ীর বৃক্ষ নিধনের কারণে প্রায় ৭০% বনজ সম্পদ ধ্বংস হয়ে যেতে পারে । ▪ জন সচেতনতার অভাবে বসতবাড়ীর বৃক্ষনিধন, প্যারাবন কাটার পর লবন চাষ করার ফলে মারাত্নক পরিবেশ বিপর্যয় হতে পারে । ▪ বিগত ৬/৬ বছরগুলোর মতো উপজেলার টি ইউনিয়নে লবণাক্ততা চলতে থাকলে এলাকায় প্রতি বছর ফলজ গাছে ফলন কম এবং বিভিন্ন প্রজাতির গাছ প্রায় বিলুপ্ত হয়ে যেতে পারে ।	▪ ব্যাপক ভাবে প্যারাবন সৃষ্টি করা উদ্যোগ গ্রহন ▪ বসত বাড়ী তে বৃক্ষ রোপন ৎ ▪ বনায়নে গনজাগরন সৃষ্টি করা ▪ রাস্তা ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা । ▪ বাড়ির আশে পাশে বৃক্ষরোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করা । ▪ পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা । ▪ অবৈধভাবে প্যারাবনের গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা ।
বনজ সম্পদ	▪ ১৯৯১ সালের মতো ঘূর্ণিঝড় হলে কুতুবদিয়া উপজেলার অধিকাংশ ঝাউবন, প্যারাবন, বসতভিটার গাছ-পালা সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়ে কয়েক ১০কোটি টাকার ক্ষতি হতে পারে । ▪ ১৯৯৭ সালের মতো ঘূর্ণিঝড় হলে অধিকাংশ ঝাউবন, প্যারাবন, গাছ-পালা নষ্ট হয়ে গিয়ে কয়েক ২কোটি টাকার ক্ষতি হতে পারে । ▪ বিগত ৪/৫ বছরের মতো উপজেলার আলীআকবর ড্েইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ৬টি ইউনিয়নে লবণাক্ততা চলতে থাকলে এলাকায় প্রতি বছর ফলজ গাছে ফলন কমে এবং বিভিন্ন প্রজাতির গাছ বিলুপ্ত হয়ে যেতে পারে । ▪ সাগর ভাঙ্গনের ফলে আলী আকবর ডেইল ইউনিয়নে তাবলের চর এলাকাটি সাগরে বিলন হয়ে ১০ লক্ষ টাকার ক্ষতি হতে পারে । ▪ প্রতি বছরের ন্যায় বিভিন্ন ইউনিয়নের বিভিন্ন প্রজাতির গাছপালা বিলুপ্ত হয়ে প্রায় ৩ কোটি টাকার ক্ষতি হতে পারে । ▪ প্রতি বছরের ন্যায় টর্নেডো হলে উপজেলার কয়েক লক্ষ গাছপালা ভেঙ্গে গিয়ে কয়েক কোটি টাকার ক্ষতি হতে পারে ।	▪ রাস্তর ও বেড়ী বাঁধের দুই পাশে বৃক্ষ রোপণ করা । ▪ বাড়ির আশে পাশে বৃক্ষ রোপণ করার জন্য জনগণকে উৎসাহিত করা ▪ ঝাউবন ও প্যারাবন সৃষ্টি করা । ▪ পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা । ▪ বৃক্ষ নিধন ও অবৈধভাবে গাছ কাটা নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা ।
মৎস	▪ উপজেলায় ১৯৯১সালে মত ঘূর্ণিঝড় হলে আলীআকবর ড্েইল, বড়ঘোপ, লেমশীখালী, কৈয়ারবিল, দক্ষিন ধুরং, উত্তর ধুরং ৬টি ইউনিয়নে সমস্ত চিংড়ি চাষ ধব্বংশ হয়ে যেতে পারে ▪ উপজেলায় কাল বৈশাখী হলে ১০% মৎসচাষ ক্ষতি হতে পারে । ▪ উপজেলায় সামুদ্রিক জোয়ার, অতি বৃষ্টির কারণে প্রায় ২৫% চিংড়িচাষ নষ্ট হতে পারে	▪ বেড়ীবাঁধ এলাকায় বনায়ন, ঝাউবন, প্যারাবন সৃষ্টি ও রক্ষনাবেক্ষন করা । ▪ মাছ ধরার বোট ও জাল রক্ষা করার জন্য দুর্যোগ সহনশীল ও মজবুত স্থাপনা নির্মাণ করে বোট ও জাল রক্ষা করা ও মৎস্য উৎপাদনকে তরান্বিত করা ।

খাত	বিস্তারিত বর্ণনা	ঝুকি হ্রাসের সাথে সমন্বয়
		▪ পুকুরের পাড় উঁচুকরণ এবং পুকুর সংস্কার করা। ▪ নদী/সাগর পাড়ের কম পক্ষে ১ কিলোমিটার দূরে বিহিঙ্গি জাল পাতা। ▪ লবণ চাষ নিয়ন্ত্রণ করার জন্য আইনগত ব্যবস্থা গ্রহণ ও প্রয়োগ করা।
আবাসন	▪ উপজেলায় ১৯৯১সালে মত সামুদ্রিক জলোচ্ছাসের কারণে প্রায় ১২০০০ মাটির বাড়ি ও আধাপাকা ক্ষতির সম্মুক্ষিণ হতে পারে ▪ উপজেলায় ১৯৯১সালে মত ঘূর্ণিঝড় ২০০-২২০ কিলোমিটার বেগে ঘূর্ণিঝড় হলে ৬৬% মাটির বাড়ি ও আধাপাকা বাড়ী ক্ষতি হতে পারে। ▪ উপজেলায় কাল বৈশাখী হলে ২৫ % ঘর বাড়ি ক্ষতি হতে পারে। ▪ উপজেলায় সামুদ্রিক জোয়ার, অতি বৃষ্টির কারণে প্রায় ১৫% ঘরবাড়ী নষ্ট হতে পারে	▪ পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা। ▪ বেড়ীবাঁধ এলাকায় বনায়ন, ঝাউবন, প্যারাবন সৃষ্টি ও রক্ষনাবেক্ষন করা। ▪ ঘূর্ণিঝড় সহনীয় ঘর-বাড়ী নির্মাণ ও সংস্কার করা। ▪ বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনা নদী হতে দূরে ও উঁচু স্থানে মজবুতভাবে নির্মাণ করা। ▪ আবহাওয়া সম্পর্কে জনগণকে সচেতন করা ও তাদের সক্ষমতা বাড়াতে সহায়তা করা। ▪ বেড়িবাধ নির্মাণ ও সংস্কার করা। ▪ বসত বাড়িসহ বিভিন্ন স্থাপনার চারিদিকে, রাস্তা ও খালসমূহের দুই ধারে বৃক্ষ রোপণ করা। ▪ পর্যাপ্ত সাইক্লোন সেল্টার নির্মাণ করা।

২.৭ সামাজিক মানচিত্রঃ

এই মানচিত্রে উপজেলার সামাজিক অবস্থা এক নজরে দেখানো হলো। মানচিত্রে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, সেবামূলক প্রদান প্রতিষ্ঠান, আশ্রয় কেন্দ্র, স্বাস্থ্য, শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক সম্পদ ইত্যাদি সংক্ষিপ্ত আকারে এই মানচিত্রে সংযুক্ত করা হয়েছে।



২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্রঃ এই মানচিত্রে কুতুবদিয়া উপজেলার বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ কারণে সৃষ্ট আপদ ও ঝুকিঁ দেখানো হয়েছে ।



২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জিঃ



দিনপঞ্জি বিশ্লেষণ

আপদগুলো এই এলাকাতে বছরের বারো মাসের মধ্যে কোন্ কোন্ মাসে সংগঠিত হয় এবং কোন্ কোন্ মাসে এর প্রভাব বেশি বা কম থাকে তা রেখাচিত্রের মাধ্যমে মৌসুমী দিনপঞ্জিতে দেখানো হয়েছে। মোট ছয়টি মৌসুমী আপদ এলাকাকে সারা বছর বিভিন্ন বিপদাপন্ন করে রাখে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারী এবং এলাকার জনপ্রতিনিধির সাথে আলোচনার মাধ্যমে জানা যায়: মানুষের

- এই এলাকার প্রধান আপদ হল ঘূণিঝড়। বছরের দুই দফা এইঝড় এলাকায় আপদ হিসাবে দেয়া দেয়। সাধারণত বছরের বৈশাখ-আষাঢ় এবং আশ্বিন-অগ্রহায়ন এই দুই মৌসুমে ঘূণিঝড় এই উপজেলার আঘাত হানে এবং জানমালরল ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়।
- কালবৈশাখী ঝড়কে এলাকাবাসী একটি আপদ হিসাবে চিহ্নিত করেছে। কেননা কালবৈশাখী ঝড়ের কারণে এলাকার ফসলের ক্ষতি হয়। সেইসাথে কাচাঁঘরবাড়ীর ব্যাপক ক্ষতি সাধিত হয়।
- সামুদ্রিক জলোচ্ছাস এই এলাকার আর একটি বড় আপদ বলে এখানকার মানুষ মনে করে। সমুদ্র আভ্যন্তরীণ এলাকা হওয়ায খুব সহজে সামুদ্রিক জলোচ্ছাস এলাকায় প্রবেশ ফসলের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে। এটি সাধারণত জৈষ্ঠ্য হতে অগ্রহায়ন মাস সময়ের মধ্যে এই সামুদ্রিক জলোচ্ছাস বেশী দেখা দেয়।
- সমুদ্র অভ্যন্তরীণ একটি দ্বীপ হওয়ার কারণে সামুদ্রিক জোয়ারের পানি খুব সহজে নীচু এলাকা প্লাবিত করে দেয়। যার ফলে ফসলের ব্যাপক ক্ষতি হয় এবং নীচু এলাকা ঘরবাড়ীর ক্ষতিগ্রস্থ হয়। তাই এলাকা জনগণ এটিকে িএকটি আপদ হিসাবে চিহ্নিত করেছে।
- লবনাক্ততা- একটি বড় আপদ এই জেলার জন্য । সমূদ্র তীরবর্তী হওয়ার কারণে জেলার কুতুবদিয়া, মহেশখালী ও টেকনাফ উপজেলা বছরের আষাঢ় হতে আশ্বিন মাসে লবনাক্ত পানির অনুপ্রবেশ বেড়ে যায়।
- জলাবদ্ধতা- কুতুবদিয়া উপজেলার বেশ অনেকগুলো ইউনিয়নে জলাবদ্ধতা অতিসম্প্রতি ব্যাপক আকার ধারন করেছে । পানির প্রবাহের পথ সংকুচিত হওয়া,খাল-ছরা ভরাট হয়ে যাওয়া,অপরিকল্পিত বাধ নির্মান,পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা না থাকা সহ নানা কারণে আষাঢ়,শ্রাবন ও ভাদ্র এই তিন মাসে জলাবদ্ধত সৃষ্টি হয় ।
- সুনামী-বাংলাদেশ এবং পার্শবতী অঞ্চল বিশ্লেষণ করলে দেখা যায় যে, এ এলাকাটি মাঝারী মাত্রার ভূমিকম্পের ঝুঁকিতে আছে । ভুমিকম্পের বিগত ইতিহাসে দেখা যায় যে, ১৯৯৭ সালে চট্টগ্রামে বৃহত্তম ভুমিকম্প হয় । ১৯৯৯ সালে ২২ জুলাই কুতুবদিয়ার উপজেলার পাশ্ববর্তী উপজেলা মহেশখালীতে মাঝারী ভু-কম্পন হয় । এতে ৭জনের মৃত্যু ও ২০০জন আহত ও অসংখ্য ঘরবাড়ী ভেঙ্গে পড়ে । এছাড়া ২০০৪ সালের ইন্দোনিশিয়ার সুনামীর কারণে কুতুবদিয়া উপজেলাতেও এর প্রভাব অনুভূত হয় এখানে যোকোন সময় সুনামী হওয়ার সম্ভাবনা রয়েছে ।

২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জীঃ





২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা

ক্র/নং	জীবিকাসমূহ	ঘূর্নিঝড়	সামুদ্রিক জলোচ্ছাস	প্যারাবন নিধন	অতিবৃষ্টি	কালবৈশাখী	জোয়ারের পানি
০১	লবণ চাষ		■	■		■	■
০২	ক্ষুদ্র ব্যবসা	■	■		■		
০৩	দিনমজুর	■	■		■	■	■
০৪	কৃষক	■	■		■	■	■
০৫	মাছ চাষ	■	■	■	■		■
০৬	চিংড়ি চাষ	■	■		■		■
০৭	লবণ ব্যবসা	■	■		■	■	■

২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ণনাঃ

জেলা/উপজেলার বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিতকরণ

উপজেলার বিপদাপন্ন খাতসমূহ চিহ্নিতকরণ

আপদসমূহ	বিপদাপন্ন সামাজিক উপাদানসমূহ												
	ঘরবাড়ী	রাস্তাঘাট	গাছপালা	ফসল	পরিবেশ	পশু সম্পদ	পানি ও পয়নিস্কাশন	হাট বাজার	নদ-নদী	মৎস সম্পদ	স্বাস্থ্য	শিক্ষা	শিক্ষা প্রতিষ্ঠান ও আশ্রয়কেন্দ্র
ঘুর্ণিঝড়	■	■	■	■	■	■	■	■		■	■	■	■
সামুদ্রিক জলোচ্ছাস	■	■	■	■	■					■	■		
জোয়ারের পানি	■	■		■	■	■	■		■	■	■		
তীরবর্তী এলাকা ভাঙ্গন	■	■	■		■				■	■	■	■	■
অতিবৃষ্ঠি	■	■	■	■		■	■	■		■		■	
প্যারাবন নিধন			■		■					■			
কালবৈশাখী			■	■		■		■					
লবনাক্ততা			■	■			■				■		

১. কুতুবদিয়া **উপজেলা**য় ১৯৯১সালের মত **ঘূর্ণিঝড় হলে** ৬টি ইউনিয়নের ২২,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১৩৯টি রাস্তার ১৮০কি.মি. বিশেষ করে উপজেলার আলী আকবরডেইল ও উত্তর ধুরংসহ সকল ইউনিয়ন ক্ষতি হতে পারে, উপজেলার প্রায় ১,২৫,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে পারে । ৭৬০৭ **একর জমির মধ্যে** ৩০০০ **একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে।** উপজেলা ৪,৪১৬ একর লবন, ৬০০ একর চিংড়ি, ৯৭৫ একর প্যারাবন, ২০টি ব্রীজ, ১২০টি কালবাট, ২০কি.মিটার বেড়ীবাধঁ, ৬টি সুইচ গেইট, ১৫০০টি নলকুপ, ৭৫০০টি জলাবদ্ধ পায়খানা, ১৫টি বাজারের ৭৫০ দোকান, ১১৩টি শিক্ষা

প্রতিষ্ঠানের ১০০টি, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে । **যার ফলে** ২২,০০০ **পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

২. কুতুবদিয়া **উপজেলা**য় ১৯৯১সালের মত সামুদ্রিক জলোচ্ছাস **হলে** ৬টি ইউনিয়নের ২০,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১৩৯টি রাস্তার ১৬০কি.মি. ক্ষতি হতে পারে, উপজেলার প্রায় ১,২০,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে পারে । ৭৬০৭ **একর জমির মধ্যে** ৩৫০০ **একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে ।** উপজেলা ৪,৪১৬ একর লবন, ৬০০ একর চিংড়ি, ৯৭৫ একর প্যারাবন, ১৫টি ব্রীজ, ১০০টি কালবাট, ২০কি.মিটার বেড়ীবাধঁ, ৬টি সুইচ গেইট, ১৫০০টি নলকুপ, ৭৫০০টি জলাবদ্ধ পায়খানা, ৭৫০ দোকান, ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে । **যার ফলে** ২২,০০০ **পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

৩. কুতুবদিয়া **উপজেলা**য় সামুদ্রিক জোয়ারের কারণে আলী আকবর ডেইল ইউনিয়নে তবলেরচর, খুদিয়ারটেক, সাইটপাড়া, জলবরপাড়া, চরপাড়া, জেলেপাড়া, উত্তর ধুরং, লেমশীখালী, বড়ঘোপ ইউনিয়নের ৬০কি.মি. রাস্তার প্লাবিত হয়ে ক্ষতি হতে পারে, ২৫০০ **একর জমির** ধান **চাষের ব্যাপক ক্ষতি হতে পারে ।** ৫০০ একর চিংড়ি, ৩টি সুইচ গেইট ক্ষতি হতে পারে । **যার ফলে** ৭,০০০ **পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

৪. কুতুবদিয়া **উপজেলা**য় অতিবৃষ্টি হলে আলী আকবর ডেইল ইউনিয়নের ১৭০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ৮০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে । লেমশী ইউনিয়নের ৯৬০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ১২০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে । উত্তরধুরং ইউনিয়নের ২০০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ১৫০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে । দক্ষিন ধুরং ইউনিয়নের ১৩০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ১১০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে । বড়ঘোপ ইউনিয়নের ৮০০একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ৭০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে ।

৫. কুতুবদিয়া **উপজেলা**য় সাগর তীরবর্তী এলাকা ভাঙ্গন কারণে আলী আকবর ডেইল ইউনিয়নে তবলেরচর, খুদিয়ারটেক, সাইটপাড়া সমুদ্রের সাথে বিলিন হয়ে যেতে পারে । **যার ফলে** ২,০০০পরিবারের ঘরবাড়ী, গাছপালা, স্থায়ী সম্পদ হারিয়ে অর্থনৈতিক ব্যাপক **ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

৬. কুতুবদিয়া **উপজেলা**য় প্যারাবন নিধনের কারণে উপজেলার উত্তর ধরং, লেমশীখালী, বড়ঘোপ ও আলী আকবর ডেইল ইউনিয়নে ৮০,০০০ বাইন গাছ নিধন হতে পারে । যার ফলে সামুদ্রিক জোয়ার, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস হলে ২০কি.মি. বেড়ীবাধেঁর ব্যাপক **ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

৭. কুতুবদিয়া **উপজেলা**য় কালবৈশাখীর কারণে উপজেলার আলী আকবরডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, দক্ষিন ধরং, উত্তর ধুরং ইউনিয়নে প্রায় ৫০০০টি ঘরবাড়ী, ৫০টি শিক্ষা প্রতিষ্ঠান, ২০০টি দোকান ঘর, ২০,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে পারে । ৭০০ **একর জমির** ধান **চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে** ৫,০০০ **পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে** অর্থনৈতিকভাবে **ক্ষতিগ্রস্ত হতে** পারে ।

৮. কুতুবদিয়া **উপজেলা**য় লবণাক্তাতার কারণে উপজেলার আলী আকবরডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, দক্ষিন ধরং, উত্তর ধুরং ইউনিয়নে ১০,০০০টি ফলজ ও বনজ গাছ, ২৫০০একর জমির ফসল ও ধান **চাষের ব্যাপক ক্ষতি হতে পারে ।** যার ফলে১০,৩০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে ।

৯. কুতুবদিয়া উপজেলায় ১৯৯৭সালের মত **ঘূর্ণিঝড় হলে** ৬টি ইউনিয়নের ১৫,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১২০কি.মি. ব্যাপক ক্ষতি হতে পারে, উপজেলার প্রায় ১,০০,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে

পারে । ৭৬০৭ একর জমির মধ্যে ২৫০০ এশর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে । উপজেলা ৪,০০০ একর লবন, ৫০০ একর চিংড়ি, ৫০০ একর প্যারাবন, ১৫টি ব্রীজ, ৯০টি কালবাট, ১৫কি.মিটার বেড়ীবাধঁ, ৪টি সুইচ গেইট, ৫০০০টি জলাবদ্ধ পায়খানা, ১৫টি বাজারের ৫০০টি দোকান, ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ২০,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে ।

১০.কুতুবদিয়া উপজেলা ১৯৯৮সালের মত **ঘূর্ণিঝড়** হলে ৬টি ইউনিয়নের ১০,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১০০কি.মি. ব্যাপক ক্ষতি হতে পারে, উপজেলার প্রায় ৮০,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে পারে । ২৫০০ এশর জমির আমন ফসলের ব্যাপক ক্ষতি হতে পারে । উপজেলা, ৫০০ একর চিংড়ি, ৫০০ একর প্যারাবন, ১০টি ব্রীজ, ৮০টি কালবাট, ১২কি.মিটার বেড়ীবাধঁ, ৫টি সুইচ গেইট, ৫০০০টি জলাবদ্ধ পায়খানা, ১৫টি বাজারের ৪০০টি দোকান, ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে । যার ফলে ২০,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে ।

১১. কুতুবদিয়া উপজেলা ঘূর্ণিঝড় বা জলোচ্ছাস হলে কিংবা ১৯৯১ বা ২০০৭ সালের সিডরের মত আঘাত হানলে উপজেলার মোট ১,৩০,১০৮জন সংখ্যার মধ্যে ৫% লোক ডায়রিয়া, ৩% লোকা আমাশয় রোগে, ১% লোকে টাইফয়েড, ২% লোক জন্ডিস, ৭% লোক ভাইরাস জনিত রোগে এবং ৫% চর্মরোগের আক্রান্ত হতে পারে । যার ফলে ইউনিগুলোর প্রটি পরিবারের আর্থিক অসচ্ছলতাসহ বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে ।

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনার বিপদাপন্নতার বিস্তারিত বর্ণনাঃ

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
পরিবেশ	প্যারাবন নিধন এর কারনে মৎস্য প্রজনন ক্ষেত্র নষ্ট হচ্ছে , পরিবেশ উপর বিরুপ প্রভাব এর কারনে অনেক মাছ আর দেখা যাচ্ছে না	প্যারাবন এর প্রয়োজনীয়তা,উপকারিতা সর্ম্পকে জনগনকে সচেতন করতে হবে । ইউনিয়ন পরিষদের সহযোগীতায় চারা রোপন করতে হবে । মাছের প্রজনন স্থান সুরক্ষিত করতে হবে
রাস্তাঘাট	প্রভাবশালী লোকজন কর্তৃক নিজেদের সেচ কাজের সুবিধার্থে রাস্তা কেটে ড্রেন র্নিমান করা এবং অপরিকল্পিত চিংড়ী ঘের ও পানি নিষ্কাষনের ব্যবস্থা না থাকায় রাস্তার দুই দিক ভেঙ্গে যাচ্ছে	অপরিকল্পিত চিংড়ী ঘেড় না করার জন্য মৎস্য অধিদপ্তর কতৃক কঠোর আইন প্রয়োগ ইউনিয়ন পরিষদ কতৃক রাস্তা কেটে ড্রেইন র্নিমানে বাঁধা দেওয়া
গাছপালা	বৃক্ষ নিধনের কারনে ফলজ বনজ গাছ কমে যাচ্ছে এছাড়া বয়সী চারা রোপন করায় গাছের মূল মাটির গভীরে না থাকার কারনে ঝুকিপূর্ন গাছের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে	জনসাধারনকে সামাজিক বনায়নে উদ্বুদ্ধ করা সেই সাথে কম বয়েসী চারা রোপন করার জন্য সকলকে উৎসাহিত করা এবং ঔষধি চার রোপন করারা উপকারিতা সর্ম্পকে প্রচার প্রচারনা করা
ফসল	সমুদ্র উপকুলীয় এলাকা হওয়ায় লবনাক্ত মাটির কারনে ফসল উৎপন্ন না হওয়া	কৃষি অধিদপতর এর সাহয্যে স্যলাইনিটি সহনীয় ফসল উৎপাদনে কৃষক দের উদ্বদ্ধ করা
খাবার পানি	ভুগর্ভস্থ পানির স্তর কমে যাওয়া ও সমুদ্র উপকুলীয় এলকা হওয়ায় পানিতে লবনাক্ততার পরিমান বৃদ্ধি পাওয়া ।	কম খরচে বিশুদ্ধ পানির প্রযুক্তি ব্যবহার করে অর্থনৈতিক সীমাবদ্ধতা দূরীকরণ সহজলভ্য ঢেঁকিকলের ব্যবহার বৃদ্ধি করা স্থানীয় সরকারের মাধ্যমে রেইন ওয়াটার হারভেষ্ট করা
স্বাস্থ্য	বিচ্ছিন্ন দীপাঞ্চল হতে জরুরী প্রয়োজনে উন্নত চিকিৎসা সুবিধার জন্য জেলা বা বিভাগীয় শহরে যেতে না পারা; জনসংখ্যার তুলনায় অপ্রতুল হাসপাতালও চিকিৎসা সুবিধা, দীপাঞ্চল বিধায় নিয়োগপ্রাপ্ত ডাক্তারগণ এলাকায় না থাকা, ওজা বৈদ্য, কবিরাজের প্রতি স্থানীয় জনসাধারণের দৃঢ় বিশ্বাস থাকা এবং স্বাস্থ্য সচেতন না হওয়ায় ।	স্থানীয় কমিউনিটি ক্লিনিক গুলোর সেবা জনগনের দোড় গোরায় পৌছে দেওয়ার মাধ্যমে স্বাস্থ্য সচেতনতার ব্যাপারে জিও / এজিওর মাধ্যমে প্রচার প্রচারনা চালানো গ্রাম পর্যায়ে সরকারী ও বেসরকারী উদ্দ্যেগে স্বাস্থ্য দিবস উদযাপন
শিক্ষা	দুর্যোগ প্রবন এলাকা হওয়ায়, স্কুল গুলোর দুর্বল অবকাঠমোর ফলে ছাত্র ছাত্রীরা প্রতিনিয়ত শিক্ষা বঞ্চিত হচ্ছে	স্থানীয় সরাকরে মাধ্যমে স্কুল গুলো পাকা ভবন র্নিমান ও বেসরকারী আশ্রয়কেন্দ্র গুলোকে স্কুল হিসাবে ব্যবহার করার উদ্দ্যেগ নেওয়া

খাত/ প্রতিষ্ঠান/ স্থাপনাসমূহ	কেন বা কিভাবে বিপদাপন্ন	কি করলে বিপদাপন্নতা কমবে
মৎস	প্যরাবন নিধনের কারনে মৎস্য প্রজননের ক্ষেত্র গুলো বিলুপ্ত হয়ে যাওয়া ও র্নিবিচারে পোনা নিধন করায়	মৎস্য অধিদপ্তর কতৃক আইনের কঠোর প্রয়োগ নিশ্চিত করা এবং সেই সাথে মাছের ডিম ছাড়া সময় মৎস্য আহরন না করার জন্য মৎস্য বিভাগ কতৃত তৃনমুল পর্যায়ে প্রচার প্রচারনা চালানো
হাট-বাজার	পানি নিষ্কাষনের ব্যবস্থা না থাকায় হাট বাজার গুলো প্লাবিত হয়ে নিত্য প্রয়োজনীয় পন্য সরবরাহ ব্যাহত হচ্ছে	মজবুত রাস্তা র্নিমাণের জন্য স্থানীয় সরকার কর্তৃক প্রকল্প হাতে নেওয়া
ঘরবাড়ী	সমুদ্রের কাছাকাছি ও তুলণামূলক নীচু এলাকায় বসতভিটার অবস্থান অর্থাৎ অপরিকল্পিত বসতভিটা এবং দূর্বল অবকাঠামো	বসতভিটার অবস্থান নদী হতে দুরে ও উঁচু করতে হবে।

২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাবঃ

খাতসমূহ	বর্ননা
কৃষি	**কৃষিতে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের প্রভাব :** ১৯৯১সালের মত ঘূণিঝড় ও জলোচ্ছস হলে ৬টি ইউনিয়নের ৭৬০০একর জমি আমন চাষে ব্যাপক ক্ষতি হতে পারে। উপজেলা ৪,৪১৬ একর লবন, ৬০০ একর চিংড়ি চাষে ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ১২,৪০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি হতে পারে। **কৃষিতে লবানাক্ততার প্রভাব :** বঙ্গোসাগরের মধ্যবর্তি হওয়ার সামুদ্রিক জোয়ার, জলোচ্ছাস ইত্যাদির কারনে উপজেলায় দিনদিন লবনক্তাতা বৃদ্ধি পাবে এবং উৎপাদনশীল কৃষি জমিগুলো লবনাক্ততার কারণে উৎপাদন কমে যাবে। উপজেলার ৭৬০০ একর জমির মধ্যে ২৫০০ একর জমির আমন, ৫৫০ একর জমির রবিশস্য চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ১০,৩০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। উপজেলার কৃষি জমির কৃষিজ উৎপাদন মারাত্বকভাবে ব্যাহত সম্ভাবনা রয়েছে। **কৃষিতে অতিবৃষ্টির প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় অতিবৃষ্টি হলে আলীআকবর ডেইল ইউনিয়নে ১৭০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ৮০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে। লেমশী ইউনিয়নের ৯৬০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ১২০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে। উত্তরধুরং ইউনিয়নের ২০০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ১৫০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে। দক্ষিন ধুরং ইউনিয়নের ১৩০০ একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ১১০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে। বড়ঘোপ ইউনিয়নের ৮০০একর জমির আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ৭০০ পরিবার প্রত্যেক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি গ্রস্ত হতে পারে। **কৃষিতে কালবৈশাখীর প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় কালবৈশাখীর কারণে উপজেলার আলী আকবরডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, দক্ষিন ধরং, উত্তর ধুরং ইউনিয়নে প্রায় ৭০০ একর আমন চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ফলে ৫,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। **কৃষিতে সাগরের তীরবর্তী এলাকা ভাঙ্গনের প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় সাগর তীরবর্তী এলাকা ভাঙ্গন কারণে আলী আকবর ডেইল ইউনিয়নে তবলেরচর, খুদিয়ারটেক, সাইটপাড়া সমুদ্রের সাথে বিলিন হয়ে যেতে পারে। ফলে উক্ত এলাকার ৬০০একর কৃষি জমির আমন চাষের ক্ষতি হতে পারে। যার ফলে ২০০০ পরিবারের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।
লবন শিল্প	বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রভাবে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে অস্বাভাবিকভাবে জোয়ারের পানি, সামুদ্রিক জলোচ্ছাস, ঘুর্ণিঝড়সহ নানাবিধ প্রাকৃতিক দূর্যোগ এ উপজেলার জীবন জীবিকার অন্যতম খাত লবন শিল্পখাত মারাত্মক হুমকির মুখে পড়তে পারে। কুতুবদিয়া উপজেলায় ঘুর্ণিঝড় ও জলোচ্ছস হলে উপজেলার ৬টি ইউনিয়নে ৪৪১৬একর লবন জমির চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। ফলে স্থানীয় পর্যায়ে বেকারত্ব বৃদ্ধি, পারিবারিক আয় কমে যাওয়াসহ জাতীয় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়বে। দ্বীপের অধিবাসীরা নতুন কাজের সন্ধানে অন্যত্র স্থান্তরিত হয়ে

খাতসমূহ	বর্ননা
	চলে যাওয়ার সমভাবনা আছে।
মৎস্য / চিংড়ী	জলবায়ু পরিবর্তন কারণে নদীর গতি পথ পরির্তন হওয়ার প্রেক্ষিতে অনেক প্রজাতির মাছ বিলুপ্ত হয়ে যেতে পারে। পাশাপাশি মাছের প্রজনন স্থান ধবংস হয়ে যেতে পারে। **মৎস সম্পদে ঘূর্ণিঝড় ও জলোচ্ছাসের প্রভাব :** ১৯৯১সালের মত ঘূণিঝড় ও জলোচ্ছস হলে ৬টি ইউনিয়নের ৬০০একর জমি বাগদা ও গলদা চিংড়ির চাষে ব্যাপক ক্ষতি হতে পারে। উপজেলার উত্তর ধুরুং ইউনিয়নে ২৭০টি পুকুর, দক্ষিন ধুরুং ইউনিয়নে ২৮০টি পুকুর, লেমশীখালী ইউনিয়নে ৭২টি পুকুর, কৈয়ারবিল ইউনিয়নে ৩৫টি পুকুর, বড়ঘোপ ইউনিয়নে ৩৭টি পুকুর, আলী আকবর ডেইল ইউনিয়নের ২২টি পুকুরের মাছ চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ৮,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি হতে পারে। **মৎস সম্পদে লবানাক্ততার প্রভাব :** বঙ্গোসাগরের মধ্যবর্তি হওয়ার সামুদ্রিক জোয়ার, জলোচ্ছাস ইত্যাদির কারনে উপজেলায় দিনদিন লবনক্তাতা বৃদ্ধি পায়। উপজেলার উত্তর ধুরুং ইউনিয়নে ২৭০টি পুকুর, দক্ষিন ধুরুং ইউনিয়নে ২৮০টি পুকুর, লেমশীখালী ইউনিয়নে ৭২টি পুকুর, কৈয়ারবিল ইউনিয়নে ৩৫টি পুকুর, বড়ঘোপ ইউনিয়নে ৩৭টি পুকুর, আলী আকবর ডেইল ইউনিয়নের ২২টি পুকুরের মিষ্টি পানিতে মাছ চাষের ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ৩,৫০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি হতে পারে। **মৎস সম্পদে কালবৈশাখীর প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় কালবৈশাখীর কারণে উপজেলার আলী আকবরডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, দক্ষিন ধরং, উত্তর ধুরং ইউনিয়নে প্রায় ৬০০একর জমি বাগদা ও গলদা চিংড়ির চাষে ব্যাপক ক্ষতি হতে পারে এবং ৫০০টি পুকুরে মৎস চাষে ক্ষতি হতে পারে। ফলে ৫১০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। **মৎস সম্পদে সাগরের তীরবর্তী এলাকা ভাঙ্গনের প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় সাগর তীরবর্তী এলাকা ভাঙ্গন কারণে আলী আকবর ডেইল ইউনিয়নে তবলেরচর, খুদিয়ারটেক, সাইটপাড়া সমুদ্রের সাথে বিলিন হয়ে যেতে পারে। ১০০একর জমি বাগদা ও গলদা চিংড়ির চাষে ব্যাপক ক্ষতি হতে পারে এবং ৫টি পুকুরে মৎস চাষে ক্ষতি হতে পারে। যার ফলে ২০০০ পরিবারের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।
পরিবেশ	সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাবে ফলে উপকুলীয় গ্রাম গুলো পাবিত হবে, বিভিন্ন ফলজ বনজ গাছ বিল্লুত হরে অতি বৃষ্টি ও অনা বৃষ্টির কারনে পরিবেশে বিরূপ প্রভাব সৃষ্ঠি হবে । ঘূর্ণিঝড় ও সামুদ্রিক জলোচ্ছাস হলে উপজেলার ৪০কিমি. বেড়ীবাধেঁ ২০কিমি. বেড়ীবাঁধ নষ্ট হতে যেতে পারে। ১২৫০০০গাছপাল নষ্ট হতে পারে, ৯৭৫ একর প্যারাবনের বাইন গাছ ধবংস হয়ে পরিবেশের মারাত্বক ভারসাম্য হারাতে পারে।
পানি	ভু- গর্ভস্থ পানির সংকট দেখা দেবে, পানি দুষনের মাত্র বৃদ্ধি পাবে এবং সেই সাথে পানি বাহিত রোগ এর প্রকোপ বৃদ্ধি পাবে।
অবকাঠামো	উপজেলায় জল মগ্নতা বাড়বে বিস্তীর্ণ উপকুলীয় এলাকা সমুদ্রে গর্ভে বিলীন হবে। অবকাঠমো রক্ষা করা কঠিন হবে অনেক লোক গৃহহীন হয়ে পড়বে। অবকাঠামোর উপর ঘূর্ণিঝড়ের প্রভাব: কুতুবদিয়া উপজেলায় ১৯৯১সালের মত ঘূর্ণিঝড় হলে ৬টি ইউনিয়নের ২২,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১৩৯টি রাস্তার ১৮০কি.মি., ২০টি ব্রীজ, ১২০টি কালবাট, ২০কি.মিটার বেড়ীবাধঁ, ৬টি সুইচ গেইট, ১৫০০টি নলকুপ, ৭৫০০টি জলাবদ্ধ পায়খানা, ৭৫০ দোকান, ১১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০০টি, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ২২,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অবকাঠামোর উপর জলোচ্ছাসের প্রভাব: কুতুবদিয়া উপজেলায় ১৯৯১সালের মত সামুদ্রিক জলোচ্ছাস হলে ৬টি ইউনিয়নের ২০,০০০বাড়ী সম্পুর্ণ বিধস্ত হতে পারে, ১৩৯টি রাস্তার ১৬০কি.মি. ক্ষতি হতে পারে, ১৫টি ব্রীজ, ১০০টি কালবাট, ২০কি.মিটার বেড়ীবাধঁ, ৬টি সুইচ গেইট, ১৫০০টি নলকুপ, ৭৫০০টি জলাবদ্ধ পায়খানা, ৭৫০ দোকান, ১০০টি শিক্ষা প্রতিষ্ঠান, ৫টি জেটি, ২০০টি ধর্মীয় প্রতিষ্ঠান, ৯টি কমিউনিটি ক্লিনিক, ব্যাপক ক্ষতি হতে পারে। যার ফলে ২২,০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। অবকাঠামোর উপর অতিবৃষ্টির প্রভাব:

খাতসমূহ	বর্ননা
	কুতুবদিয়া উপজেলার অতিবৃষ্টি হলে ৫০কিমি. কাচাঁ ও অধাঁপাকা রাস্তার ব্যাপক ক্ষতি হয়। **১০টি প্রাথমিক বিদ্যালয়, ৩টি মাধ্যমিক বিদ্যালয়, ৫টি মাদ্রাসা, ২০টি মসজিদ, ৮টি মন্দির, ১০টি আশ্রয়কেন্দ্র, ১টি স্বাস্থ্যকেন্দ্র, আংশিক কিংবা সম্পূর্ণ বিনষ্ট হতে পারে। ফলে এলাকার মানুষ শিক্ষা, স্বাস্থ্য সেবা বিভিন্ন সুবিধা থেকে বঞ্চিত হতে পারে।**
যোগাযোগ	উপজেলার নদীর গতি পথ পরিবর্তন হওয়ার কারনে বিভিন্ন গ্রাম বিলীন হয়ে নতুন চরের সৃষ্টি হবে মালামাল বাজরত করন বিগ্ন ঘটার কারনে স্থানীয় পণ্যের প্রকৃত মুল্যে থেকে কৃষকরা বঞ্চিত হবে ।
মানব সম্পদ	রোগ ব্যাধি বৃদ্ধি পাবে , নতুন নতুন রোগ এর অর্ভিভাব এর কারনে সুবিধাবঞ্চিত মানুষেরা সঠিক চিকিৎসা নিতে পারবেনা ও ফলে আয় মুলক কাজে অসুস্থতার জন্য অংশ নিতে না পারায় গ্রাম গুলোতে দারিদ্রতা বৃদ্ধি পাবে
গাছপালা ও বনজ সম্পদ	প্রাকৃতিক বেড়ী বাঁধ ধ্বংস হওয়ার কারনে উপকুলীয় গ্রাম গুলো পাবিত হবে, জীবন রক্ষা কারী গাছে সংখ্যা কমে যাবে। **গাছপালাতে ঘূর্ণিঝড়ের প্রভাব :** ১৯৯১সালের মত ঘূণিঝড় হলে ৬টি ইউনিয়নের প্রায় ১,২৫,০০০টি গাছপালা সম্পুর্ণ ক্ষতি হতে পারে। উপজেলার ৯৭৫ একর প্যারাবন ও ঝাউবন সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হতে পারে এবং প্রাকৃতি ভারসাম্য নষ্ট হতে পারে। এতে করে উপজেরার সমস্ত ইউনিয়নগুলোর প্রতিটি পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিক ক্ষতিগ্রস্ত হতে পারে। গাছপালাতে **লবানাক্ততার প্রভাব :** বঙ্গোসাগরের মধ্যবর্তি হওয়ার সামুদ্রিক জোয়ার, জলোচ্ছাস ইত্যাদির কারনে উপজেলায় দিনদিন লবনক্তাতা বৃদ্ধি পায়। উপজেলার উত্তর ধুরুং, দক্ষিন ধুরুং, লেমশীখালী, কৈয়ারবিল, বড়ঘোপ, আলী আকবর ডেইল ইউনিয়নের বসতভিটায়র ৫০০০টি গাছ মারা যেতে পারে। যার ফলে ৫০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতি হতে পারে। গাছপালাতে **কালবৈশাখীর প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় কালবৈশাখীর কারণে উপজেলার আলী আকবরডেইল, বড়ঘোপ, কৈয়ারবিল, লেমশীখালী, দক্ষিন ধরং, উত্তর ধুরং ইউনিয়নে বসত ভিটার প্রায় ১০,৫০০টি গাছ কাল বৈশাখী ঝড়ে নষ্ট হতে পারে। উপজেলার ১০০একর ঝাউবন, ৩০০ একর প্যারাবনের বাইন গাছ ব্যাপক ক্ষতি হতে পারে। ফলে ৫০০০ পরিবার প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। গাছপালাতে **সাগরের তীরবর্তী এলাকা ভাঙ্গনের প্রভাব :** কুতুবদিয়া উপজেলায় সাগর তীরবর্তী এলাকা ভাঙ্গন কারণে আলী আকবর ডেইল ইউনিয়নে তবলেরচর, খুদিয়ারটেক, সাইটপাড়া সমুদ্রের সাথে বিলিন হয়ে যেতে পারে। ২০০০টি গাছ সুদ্রের সাথে বিলিন হতে পারে। যার ফলে ২০০০ পরিবারের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে।
পানি	কুতুবদিয়া উপজেলায় ঘূর্ণিঝড়, সামুদ্রিক জলোচ্ছাস, লবনাক্ততার কারণে ভু-গর্ভস্থ পানির সংকট দেখা দিতে পারে, পানি দুষনের মাত্র বৃদ্ধি পাবে এবং সেই সাথে পানি বাহিত রোগ ডায়রিয়া, আময়শা, জন্ডিস ইত্যাতি বাড়তে পারে ।

তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকি হ্রাস

৩.১ ঝুকিঁর কারণসমূহ চিহ্নিতকরণঃ

কুতুবদিয়া উপজেলা একই দুর্যোগ প্রবণ ও ঝুকিঁ প্রবণ এলাকা হিসাবে পরিচিত। সামুদ্রিক এলাকা হওয়ায় এখানে সাইক্লোন, টর্নাডোর, জলোচ্ছাস এর মত প্রাকৃতিক দুর্যোগের প্রায়শই স্বীকার এলাকার অধিবাসীগণ। সার্বিক বিবেচনায় এই উপজেলাটি সামুদ্রিক জলোচ্ছাস, সামুদ্রিক জোয়ার, ঘূর্ণিঝড়, কালবৈশাখী ঝড় ইত্যাদিকে ঝুঁকির কারণ হিসাবে চিহ্নিত করা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
সামুদ্রিক জল্লোচ্ছাসঃ সামুদ্রিক জলোচ্ছাসের কারণে উপজেলারয় প্রায় ১০,০০০টি কাচা বাড়ি প্রায় ৬০০ একর লবনের মাঠ, ৫০০ একর চিংড়ী মারাত্বকভাবে ক্ষতির সম্মুক্ষিণ হতে পারে	✓ ভাঙ্গা বেড়ীবাঁধ নিয়মিত মেরামত না করা ✓ বেড়ীবাঁধ যথেষ্ট মজবুত না হওয়া ✓ সচেতনতার অভাব ✓ নং ফেল্ডার এর বেড়ী বাঁধ ভেঙ্গে যাওয়ায় ।	✓ বেড়ীবাঁধের পাশে বনায়ন না থাকা ✓ সিমেন্টের ব্লক না থাকা ✓ বলিষ্ট পাইলিং না থাকা	✓ ইডউই, টচ এর নিয়মিত তদারকি না থাকা ✓ বেড়ীবাধের সংস্কারের পরিকল্পনা না থাকা ।
ঘূর্ণিঝড়ঃ আনুমানিক ২০০-২২০ কিঃ মিঃ বেগে ঘূর্ণিঝড় হলে ৮৫% কাচাঁ ঘরবাড়ী সম্পূর্ণভাবে ধ্বংস হতে পারে। এছাড়া শতশত একর ধানের জমির নষ্ট হয়ে যেতে পারে। পাশাপাশি প্রায় ৬০০ একর জমির লবন এবং ৫০০ একর জমির চিৎড়ি চাষ নষ্ট হয়ে যাবে ক্ষতির পরিমান প্রায় ৫০ কোটি টাকার অধিক।	✓ ঘূর্ণিঝড় সহনীয় ঘর-বাড়ী তৈরী না করা।	✓ আবহাওয়া সম্পর্কে জনগণ সচেতন নয়। ✓ সামাজিক বনায়ন না থাকা। ✓ বেড়ীবাঁধ উঁচু ও মজবুত না থাকা। ✓ বেড়ীবাঁধের পাশে পর্যাপ্ত প্যারাবন না থাকা।	✓ ইউনিয়ন পরিষদ/ BWDB, বনবিভাগ ও সংশ্লিষ্ট দপ্তরের নিয়মিত তদারকি না থাকা ✓ স্থানীয় জনগণের সমন্বয়ে ঘূর্ণিঝড় প্রস্তুতি কমিটি না থাকা
সামুদ্রিক জোয়ারঃ ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে দ্বীপের উত্তর-দক্ষিণ সীমানা এবং পশ্চিম সাগর পাড় এলাকার প্রায় ৩০০ একর জমির ধান, ৬০০ একর জমির লবন মাঠ এবং ৪০০ একর জমি চিংড়ী ঘেরে উৎপাদন ক্ষতিগ্রস্ত হবে যার ক্ষয়ক্ষতির পরিমান হবে ১৬ কোটি ৫০ লক্ষ টাকার। এছাড়া সুপেয় পানির অভাবে ডায়রিয়া, আমাশয় ও বিভিন্ন পানি বাহিত রোগের প্রাদূর্ভাব দেখা দিতে পারে।	✓ পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকা ✓ প্যারাবন না থাকা ।	✓ বেড়ি বাঁধ সংস্কারের ব্যবস্থা না থাকা বা পানি নিস্কাশনের সুপরিকল্পিত ব্যবস্থা না থাকা ✓ খাল, সুইচ গেট সংস্কার না করা	✓ বেড়ী বাঁধ সংস্কার করা ইউনিয়ন পরিষদ, পানি উন্নয়ন বোর্ডের নিয়মিত তদারকি ও কার্যকর ব্যবস্থা গ্রহন না করা
অতি বৃষ্টিঃ অতি বৃষ্টির কারনে আলী আকবর ডেইল ইউনিয়নের প্রায় ৬০০ একর কৃষি জমি ৬০০ লবন মাঠ প্রায় চিংড়ী এর ক্ষতি হতে পারে	✓ পানি নিস্কাশনের ব্যবস্থা না থাকা ✓ বেড়ী বাধের গাছ না থাকা। বসতি এলাকায় চিংড়ী চাষ করা ✓ ঘেরের জন্য পানি জমা রাখা।	✓ বেড়ীবাঁধ না থাকা বা উঁচু না থাকা ✓ ভাঙ্গন কবলিত এলাকায় পাইলিং না করা	✓ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদ্যোগে নদী ড্রেজিং না করা ✓ ভাঙ্গন কবলিত এলাকায় বাঁধ না থাকা ✓ স্থানীয় পরিষদের যথাযথ তদারকি না থাকা

ঝুঁকির বর্ণনা	কারণ		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
কাল বৈশাখীঃ কাল বৈশাখী হলে উপজেলার ৬০ % ঘর বাড়ি ও সমগ্র উপজেলার গাছপালার ক্ষতি হতে পারে।	✓ মৌসুমী বায়ুর পরিবর্তন ✓ গাছের ডাল ছাটাই না করা।	✓ বাড়ি আশে পাশে পর্যাপ্ত শক্ত কাঠের গাছ না থাকা	✓ বাড়ীর উঠোনে বড় গাছে চার রোপন করায় ✓ জেটি ঘাটে ফিসিং ট্রলার রাখার জন্য ঘাট না থাকায়

৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিতকরণঃ

উপজেলায় দুর্যোগ প্রবণ ও ঝুকিঁ প্রবণ এলাকা হওয়ায় এখানে সাইক্লোন, টর্নাডোর, জলোচ্ছাস এর মত প্রাকৃতিক দুর্যোগের প্রায়শই হয়ে থাকে এবং এই ঝুকি থেকে নিরসনের কিছু উপায়ও বিদ্যমান রয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসণের উপায়		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
সামুদ্রিক জল্লোচ্ছাসঃ সামুদ্রিক জলোচ্ছাসের কারণে উপজেলারয় প্রায় ১০,০০০টি কাচা বাড়ি প্রায় ৬০০ একর লবনের মাঠ, ৫০০ একর চিংড়ী মারাত্বকভাবে ক্ষতির সম্মুক্ষিণ হতে পারে	✓ বেড়ীবাঁধ নিয়মিত রক্ষণাবেক্ষণ করা ✓ মজবুত বেড়ীবাঁধ তৈরী করা	✓ বেড়ীবাঁধের পাশে বনায়ন করা ✓ সিমেন্টের ব্লক দেওয়া ✓ বলি পাইলিং দেওয়া ✓ ভাংগন স্থলে পাথর ঢালাই করা	BWDB, UP ও স্থানীয় জনগণের মাধ্যমে বাঁধ সংরক্ষন কমিটি করে এর নিয়মিত তদারকি করা
ঘূর্ণিঝড়ঃ আনুমানিক ২০০-২২০ কিঃ মিঃ বেগে ঘূর্ণিঝড় হলে ৮৫% কাচাঁ ঘরবাড়ী সম্পূর্ণভাবে ধ্বংস হতে পারে। এছাড়া শতশত একর ধানের জমির নষ্ট হয়ে যেতে পারে। পাশাপাশি প্রায় ৬০০ একর জমির লবন এবং ৫০০ একর জমির চিৎড়ি চাষ নষ্ট হয়ে যার ক্ষতির পরিমান প্রায় ৫০ কোটি টাকার অধিক।	ঘূর্ণিঝড় সহনীয় ঘর-বাড়ী তৈরী করা	✓ আবহাওয়া সম্পর্কে জনগণকে সচেতন করা ✓ আবহাওয়া খবর তৃনমূল পর্যায়ে দ্রুত পৌঁছানোর ব্যবস্থা করা ✓ পর্যাপ্ত পরিমান সাইক্লোন সেল্টার নির্মান ও সংস্কার করা	ইউনিয়ন পরিষদ, উপজেলা প্রশাসন, এনজিও এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ সমন্বয়ে দুর্যোগ ব্যবস্থাপনার কমিটি গঠন করে নিয়মিত সভা, সমাবেশ করা
সামুদ্রিক জোয়ারঃ ২০০৭ সালের মতো জোয়ারের পানি হলে দ্বীপের উত্তর-দক্ষিণ সীমানা এবং পশ্চিম সাগর পাড় এলাকার প্রায় ৩০০ একর জমির ধান, ৬০০ একর জমির লবন মাঠ এবং ৪০০ একর জমি চিংড়ী ঘেরে উৎপাদন ক্ষতিগ্রস্ত হবে যার ক্ষয়ক্ষতির পরিমান হবে ১৬ কোটি ৫০ লক্ষ টাকার। এছাড়া সুপেয় পানির অভাবে ডায়রিয়া, আমাশয় ও বিভিন্ন পানি বাহিত রোগের প্রার্দভাব দেখা দিতে পারে।	✓ পানি নিস্কাশনের ব্যবস্থা করা ✓ প্যারাবন রক্ষা করার জন্য জনগনকে সচেতন করা । ✓ অমাবশ্য পূর্নিমার জোয়ারের সময় জনসাধারন কে পার্শর্বতী উচু জায়গায় ইউনিয়ন পরিষদের মাধ্যমে স্থানান্তর করার ব্যবস্থা গ্রহন ।	✓ বেড়ি বাঁধ সংস্কারের ব্যব্হা কার ✓ পানি নিষ্কাশনের সুপরিকল্পিত ব্যব্হা করা থাকা ✓ খাল, স্লুইচ গেট সংস্কার করা	বেড়ী বাঁধ সংস্কার করা ইউনিয়ন পরিষদ, পানি উন্নয়ন বোর্ডের নিয়মিত তদারকি ও কার্যকর ব্যবস্থা গ্রহন করা
অতি বৃষ্টি অতি বৃষ্টির কারনে আলী আকবর ডেইল ইউনিয়নের	✓ পানি নিস্কাশনের ব্যবস্থা করা বেড়ী	বেড়ীবাঁধ উঁচু করা ভাঙ্গন কবলিত এলাকায়	সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদ্যোগে নদী ড্রেজিং

ঝুঁকির বর্ণনা	ঝুঁকি নিরসণের উপায়		
	তাৎক্ষণিক	মাধ্যমিক	চূড়ান্ত
প্রায় ৬০০ একর কৃষি জমি ৬০০ লবন মাঠ প্রায় চিংড়ী এর ক্ষতি হতে পারে	বাধের উপর গাছ না লাগানো । ✓ বসতি এলাকায় চিংড়ীর এর জন্য পানি জমা না রাখা ।	পাইলিং করা	করা ভাঙ্গন কবলিত এলাকায় বাঁধ করা স্থানীয় পরিষদের যথাযথ তদারকি ও কমিটি গঠন
কাল বৈশাখী কাল বৈশাখী হলে উপজেলার ৬০ % ঘর বাড়ি ও সমগ্র উপজেলার গাছপালার ক্ষতি হতে পারে ।	✓ মৌসুমী বায়ুর পরিবর্তন সময় স্থানীয় সেচ্ছাসেবক দের মাধ্যমে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে জনসাধারন কে আগাম সর্তক করা ✓ গাছের ডাল ছাটাই করা ।	বাড়ি আশে পাশে পর্যাপ্ত বনজ ও ফলজ গাছ লাগানো	বাড়ীর উঠোনে ছোট গাছের চার রোপন করা জেটি ঘাটে ফিসিং ট্রলার রাখার জন্য স্থানীয় সরকারের উদ্দ্যেগ নেওয়া ।

৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনাঃ

ক্র	এনজিও	দুর্যোগ বিষয়ে কাজ	উপকারভোগীর সংখ্যা	প্রকল্পের সংখ্যা	প্রকল্পগুলোর মেয়াদকাল
১.	**বিজিএস**	দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা	৬টি ইউনিয়ন		আগষ্ট - ২০১৪
২.	ব্রাক	সচেতনতা, ঝুঁকি হ্রাস জলবায়ু পরিবর্তন,স্বাস্থ্য	২৬০০ জন		চলমান
৩.	আশা	সচেতনতা, ঝুঁকি হ্রাস	২৪০০ জন		চলমান
৪.	গ্রামীণ ব্যাংক	সচেতনতা, ঝুঁকি হ্রাস	২৮০০ জন		চলমান
৫.	একলাব	সচেতনতা, ঝুঁকি হ্রাস ভিজিডি	৬টি ইউনিয়ন		২০১৩-২০১৪
৬.	কোষ্ট ট্রাষ্ট	সচেতনতা, ঝুঁকি হ্রাস ক্ষুদ্রঋণ কার্যক্রম	২৮০০ জন		চলমান
৭.	মুক্তি	পিএলএইচসিএস সচেতনতা, ঝুঁকি হ্রাস	৬ টি ইউনিয়নে		জুলাই ২০১৪
৮.	গণস্বাস্থ্য	সচেতনতা, ঝুঁকি হ্রাস স্বাস্থ্য কার্যক্রম, গর্ভগতী মহিলাদের পরামর্শ ও সেবাদান	৩০০০ জন		চলমান

৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা

৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতিঃ

ক্রমিক নং	কার্যক্রম	লক্ষ্যমাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ণ পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজি/ও	
১.	ওয়ার্ড বা গ্রাম পর্যায়ে দল গঠন	৫৫টি দল	১৬৫,০০০	৬টি ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১৫%	৩০%	২০%	কার্যক্রমগুলো উপজেলার জনগণকে তাৎক্ষণিক দুর্যোগ ঝুঁকি হ্রাস করার লক্ষে পূর্ব প্রস্তুতি গ্রহণে সচেতন। ফলে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমবে। কার্যক্রমগুলো সঠিকভাবে বাস্তবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ও জাতীয় উন্নয়নে অবদান বিশেষ রাখবে।
২	স্থানীয় পর্যায়ে বার্তা প্রচারে স্থানসমূহ চিহ্নিতকরণ	৫৫টি	২৫,০০০	৬টি ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৩	বন্যার আগাম বার্তা প্রচারে পতাকা ব্যবস্থা উন্নয়ন	৫৫টি	১৫,০০০	৬টি ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৪	স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সংবাদ প্রচারে লক্ষে পরিকল্পনা প্রণয়ন	৫৫টি	১,১০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৫	স্থানীয় বিপদ সীমা নির্ধারণ ও দুর্যোগ পূর্ব সর্তক বার্তা ও জরুরী সর্তক বার্তা প্রচার	৫৫টি	১,১০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৬	পারিবারিক ও সামাজিক পর্যায়ে সচেতনতা সৃষ্টি	৫৪টি	৫৪,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৭	মহড়ার আয়াজন	৭টি	৭০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৮	দুযোর্গ ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষন	৬টি	৩০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
৯	শুকনা খাবার, জীবন রক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্তত রাখা	শুকনো-৪টন চাল/ডাল-৫টন	৪,০০,০০০	ইউনিয়ন পরিষদ ও ৫৪টি ওয়ার্ড	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	১০%	৪০%	১৫%	
১০	দুর্যোগ বিষয়ে স্কুল ছাত্র ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান	প্রতি টি স্কুলে ৮০টি	১,৬০,০০০	স্কুলে	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	৫%	৩০%	৩০%	
১১.	আশ্রয়ন কেন্দ্রের মেরামত	৫০টি	২৫,০০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	৫%	৩০%	৩০%	
১২.	মোবাইল স্বাস্থ্য ক্লিনিক পরিচালনা	৬টি	৬,০০,০০০	ইউনিয়ন পরিষদ	ফেব্রুয়ার- মার্চ	৩৫%	৫%	৩০%	৩০%	

৩.৪.২ দুর্যোগকালীনঃ

ক্র/ নং	কার্যক্রম	লক্ষ্যমাত্রা	সম্ভাব্য বাজেট	কোথায় করবে	বাস্তবায়নের সম্ভাব্য তারিখ	কে করবে এবং কতটুকু করবে				উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয়
						উপজেলা প্রশাসন	কমিউনিটি	ইউপি	এনজি/ও	
১	ইউনিয়ন পরিষদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ	৭টি	২১,০০০	উপজেলা ও ইউনিয়ন পরিষদ ও ওয়ার্ড	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	কার্যক্রমগুলো উপজেলার দুর্যোগ কালীন সময়ে মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমাতে সহায়তা করবে। তাই কার্যক্রমগুলো সঠিকভাবে বাসত্মবায়িত হলে সার্বিক আর্থ-সামাজিক ক্ষেত্রে ও জাতীয় অর্থনীতি ইতিবাচক অবদান রাখবে।
২	নারী, শিক্ষা, বৃদ্ধা, অসুস্থ,ও প্রতিবন্ধীদের জন্য জরুরীভাবে আশ্রয়কেন্দ্রে নেয়ার ব্যবস্থা করা	৫৫টি	৫৫,০০০	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৩	উদ্ধার ও আশ্রয় ও হাসপাতালে নেয়া	২৩,০০০ পরিবার	১,০০,০০০	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৪	উজানে নিকটস্থ নদীর পানি বিপদ সীমা অতিক্রম করার সম্ভাবনা থাকলে জরুরী সভা আয়োজন এবং বার্তা প্রচারের জন্য সার্বিক প্রস্তুতি গ্রহণ	৫৫টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৫	বিশুদ্ধ পানি ও পায়খানার ব্যবস্থা	১৫,০০০ পরিবার	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৬	শুকনো খাবার বিতরণ	৫৫টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৭	আহতদের চিকিৎসার ব্যবস্থা করা	৬টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৮	বিপদ সীমার অতিক্রম করলে পরিকল্পনা অনুযায়ী বার্তা প্রচার	৫৫টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
৯	আইন শৃঙ্খলা ও সামাজিক নিরাপত্তা ব্যবস্থা করা	৬টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	
১০	প্রতিদিন পরিস্থিতি পর্যবেক্ষণ	৫৫টি	-	ঐ	দুর্যোগ মুহূর্তে	৩৫%	৫%	৩০%	৩০%	

৩.৪.৩. দুর্যোগ পরবর্তীঃ

